দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 18 ■ 2nd May, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. [illegible]/88

কলকাতা IT জব ফেয়ার : DESUN Career Connect 2026
কর্মসংস্থানের নতুন দিগন্ত বাংলার তরুণ-তরুণীদের জন্য
1500+ আবেদন | 400+ অংশগ্রহণ | 60+ শর্ট লিস্টেড | 32+ পরীক্ষিত | 17 স্পট জব অফার
SKILLS = JOB HR | UI/UX DESIGN | DIGITAL MARKETING | MERN STACK
আপনি কি এর অংশ হতে চান? তাহলে আপনার দক্ষতা বাড়ান ও চাকরি পান— বাজারে চাহিদা আছে, আপনার শুধু দক্ষতা থাকা প্রয়োজন।
DESUN ACADEMY
:9429691888

**মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার জন্য এবার ৪১ বছর বয়সের ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন**

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

# রাজ্য সরকারে কয়েকশো অফিসার, ইন্সপেক্টর

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দফতরে অফিসার, ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, কন্ট্রোলার, অডিটর ইত্যাদি পদে কাজের জন্য পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন ২০২৪ সালের 'মিসলেনিয়াস সার্ভিসেস' পরীক্ষার মাধ্যমে কয়েকশো ছেলেমেয়ে নিচ্ছে। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ৩০ এপ্রিল থেকে। চলবে ২০ মে পর্যন্ত। ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার সংক্ষিপ্ত (ইন্ডিকেটিভ) বিজ্ঞপ্তি বেরিয়েছিল, গত বছর জানুয়ারি মাস নাগাদ। ১ বছরের বেশি সময়ের পর এবার অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হল। এই পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি নিচে দেওয়া হল :

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ১-১-২০২৪'র হিসাবে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা ৬ বছর বয়সে ছাড় পাবেন। অসম, ত্রিপুরা ও বিহার রাজ্যের ছেলেমেয়েরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করার যোগ্য। এক্সাইজ দফতরের 'সাব-ইন্সপেক্টর' পদের বেলায় শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (আদিবাসী ও গোর্খাদের বেলায় ১৫২.৪) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭১ সেমি ও ফুলিয়ে ৭৬ সেমি থাকা দরকার। মহিলারা এরপর ১২ পাতায়

ICE Academy
PSC-MISC স্পেশাল ব্যাচ
SSC, Rail, Bank, WBCS
সেরা প্রশিক্ষকদের ক্লাস
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

৯৯.৯% সাফল্যের একমাত্র ঠিকানা
চাকরি GB
Great Basket Career
WBPSC
Miscellaneous • PSC Clerkship
অফলাইন ও অনলাইন কোর্সে ভর্তি চলছে
সঠিক মূল্যে!!
আজই ভর্তির জন্য ফোন করুন :
89023 56967 / 9830200210

### কলকাতার ১৫৪টি আইটি কোম্পানিতে

## AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,৩১৮ চাকরি

**শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা**

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ২১,৩৩৮ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ১২,০৮১ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। এরপর ৪ পাতায়

## ব্যাঙ্কে ৩০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক 'অফিসার-সিভিল ইঞ্জিনিয়ার', 'অফিসার-ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার', 'অফিসার-মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ার' পদে ৩০ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন এরপর ২ পাতায়

### স্টাফ সিলেকশনের ২০২৬ সালের স্টেনোগ্রাফার পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে ৭৩১ স্টেনো

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে ৭৩১ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার এরপর ১১ পাতায়

## সশস্ত্র সীমা বলে ৮২৭ কনস্টেবল ও ড্রাইভার

**দরখাস্ত করার শেষ তারিখ বেড়ে ৪ মে**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সশস্ত্র সীমা বল 'কনস্টেবল (ড্রাইভার)' ও 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ৮২৭ জন ছেলেমেয়ে নেওয়ার যে খবর বেরিয়েছিল, তার অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৪ মে করা হয়েছে। কোন কোন ট্রেডে নেওয়া হবে ও দরখাস্ত করার এরপর ২ পাতায়

## তাপবিদ্যুৎ কেন্দ্রে ২৫০ অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** এন.টি.পি.সি. লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ' পদে ২৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মোট অন্তত ৪০% নম্বর পেয়ে মেকানিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। প্যাওয়ার প্ল্যান্টে অপারেশন / মেন্টেন্যান্সের কাজে অন্তত ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। ৩ বছরের চুক্তিতে নেওয়া হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ২৫০টি (জেনাঃ ১০৯, ই.ডব্লু.এস. ২৫, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ৩৫)।

প্রার্থী বাছাই হবে গ্রুপ ডিসকাশন ও এরপর ৫ পাতায়

## কলকাতা হাইকোর্টে সফটওয়্যার ডেভেলপার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা হাই কোর্ট 'সফটওয়্যার ডেভেলপার' পদে ২ জন লোক নিচ্ছে। আই.টি. বা, কম্পিউটার এরপর ২ পাতায়

## DSSSB'র পরীক্ষা ১ জুন থেকে ১ সেপ্টেম্বর

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ডের বিভিন্ন পদের পরীক্ষার তারিখ ঠিক হয়েছে। কোনে পদের পরীক্ষা কবে হবে তা এরপর ৫ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

## কেন্দ্রে ৫৯ জুনিয়র ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা, হায়দরাবাদ :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, এন.এম.ডি.সি. লিমিটেড 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মাইনিং) পদে ৫৯ জন লোক নিচ্ছে। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফোরম্যান্স স্যার্টিফিকেট অফ কম্পিটেন্সি কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। শূন্যপদ : ৫৯টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৫; তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)। এরপর ৩ পাতায়

## কেন্দ্রে ৮৪ ট্রান্সলেটর

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল সেক্রেটারিয়েট অফিস, রেলওয়ে বোর্ড, আর্মড ফোর্সের হেড কোয়ার্টার্স ও সাব-অর্ডিনেট অফিসে কাজের জন্য 'জুনিয়র হিন্দি ট্রান্সলেটর' ও 'জুনিয়র ট্রান্সলেটর' পদে ৮৪ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ।

হিন্দি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে আবেদন করতে পারেন। ইংরিজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে হিন্দি অন্যতম বিষয় হিসাবে থাকলেও আবেদন করতে পারেন। হিন্দি মাধ্যমের যে কোনো এরপর ১১ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে ২৯ ও ৩০ মে

## মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**দুয়ারে কর্মসংস্থান**

**নিজস্ব প্রতিনিধি, মালদহ :** মালদহ জেলায় এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভালো কেরিয়ার তৈরি করার জন্য কোন বিষয় নিয়ে পড়বেন অথবা এখনই ভালো মাইনের চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স পড়বেন, তা নিয়ে ভাবছেন? এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ.এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে মালদহেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। এরপর ৫ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

কর্মখালি [redacted]

**URGENT ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক - স্নাতক। বেতন : 18,000 – 65,000, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 6291596424
SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

কর্মখালি [redacted]

WBSEDCL –এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম –স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/- –72,900. H.R. - 7585038501
SA(A)

কর্মখালি [redacted]

কেরিয়ার গড়ুন সেলস অ্যান্ড মার্কেটিং -এর বিভিন্ন পদে। যোগাযোগ : 6289107967, 8336889921
D

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

কর্মখালি [redacted]

**100% জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630
SA(A)

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## ব্যাঙ্কে ৩০ অফিসার

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

**অফিসার -সিভিল ইঞ্জিনিয়ার :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ২১টি। পোস্ট কোড : 01.

**অফিসার -ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ৭টি। পোস্ট কোড : 02.

**অফিসার -মেকানিক্যাল ইঞ্জিনিয়ার :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ২টি। পোস্ট কোড : 03.

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ৩ বছরের প্রবেশন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://pnb.bank.in/Recruitments.aspx এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও অনলাইনে নাম রেজিস্ট্রেশন করার আগে পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্মাটে স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কলকাতা হাইকোর্টে

১ পাতার পর

সায়েন্সের প্রথম শ্রেণির এম.এসসি. বা, প্রথম শ্রেণির বি.ই. /বি.টেক. কোর্স পাশ কিংবা প্রথম শ্রেণির এম.সি.এ. কোর্স পাশরা যোগ্য। সফটওয়্যার ডিজাইন, ডেভেলপমেন্ট, ডকুমেন্টেশন অ্যান্ড ইমপ্লিমেন্টেশন সংক্রান্ত কাজে দক্ষতা থাকতে হবে। মোবাইল ডেভেলপমেন্ট, ফ্রন্টটেন্ড, ডাটাবেস বা, PostgreSQL/MySQL সংক্রান্ত কাজে ১-২ বছরের ডেভেলপমেন্টে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। ৬ মাসের চুক্তিতে নেওয়া হবে। পারিশ্রমিক মাসে ৩৩,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) নিজের নাম-ঠিকানা লেখা ও ৬০ টাকার ডাক টিকিট সাঁটা ২৫x১১ সেমি মাপের একটি খাম, (৩) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৪) ৬০০ টাকার পোস্টাল অর্ডার। 'Registrar General, High Court, Calcutta'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'G.P.O., Kolkata'. দরখাস্ত পৌঁছনো চাই ২০ মে'র মধ্যে। এই ঠিকানায় : The Joint Registrar (General Administration), General & Establishment Section, Appellate Side, Main Building (Ground Floor), High Court at Calcutta, 3, Justice Radhabinod Pal Saranai, Kolkata-700 001. দরখাস্তের বয়ান : (1) Full name of the candidate (in capital letters), (2) Father's/Husband's Name, (3) Date of Birth, (4) Address (Present and Permanent, along with PIN code) with Telephone/Mobile number and E-mail Id. (5) Educational Qualifications, (6) Nationality, (7) Experience details, (8) Details of depositing application fees *i.e.* Indian Postal Order No., Date and Amount and (9) Full signature of the candidate with date must be given at the bottom of the application.

## সশস্ত্র সীমা বলে ৮২৭ কনস্টেবল

১ পাতার পর

পদ্ধতি নিয়ে বিস্তারিত তথ্য আবার দেওয়া হল। নেওয়া হবে এইসব ট্রেডে : ড্রাইভার, কার্পেন্টার, টেলর, গার্ডেনার, কবলার, ভেটেরিনারি, ওয়াশ্যারম্যান, বারবার, ওয়েটার, ওয়াটার কেরিয়ার, নার্সিং অর্ডারলি। কারা কোন পদের জন্য যোগ্য :

**কনস্টেবল (ড্রাইভার) :** মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫৫৩টি (জেনাঃ ২৪৪, ই.ডব্লু.এস. ৪৫, ও.বি.সি. ১৪৫, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮)।

**কনস্টেবল (ভেটেরিনারি) :** বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কোনো পশু চিকিৎসালয়ে পশু-পাখি সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)।

**কনস্টেবল (কার্পেন্টার) :** মাধ্যমিক পাশরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা, (২) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা, (৩) আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, (৪) সংশ্লিষ্ট ট্রেড টেস্টে কোয়ালিফাই করতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : কনস্টেবল (কার্পেন্টার) ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**কনস্টেবল (ওয়াশারম্যান, বারবার, ওয়াটার কেরিয়ার, টেলর, গার্ডেনার, কবলার, ওয়েটার) :** মাধ্যমিক পাশরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা, (২) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা, (৩) আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, (৪) সংশ্লিষ্ট ট্রেড টেস্টে কোয়ালিফাই করতে হবে। সব পদের বেলায়ই মাল্টি স্কিলড দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : কনস্টেবল গার্ডেনার ৪১টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। কনস্টেবল (ওয়াটার কেরিয়ার) ৫টি (জেনাঃ)। কনস্টেবল (কবলার) ২৫টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২)। কনস্টেবল (টেলর) ৪১টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। কনস্টেবল (ওয়াশারম্যান) ৭৪টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫)। কনস্টেবল (বারবার) ৪৩টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। কনস্টেবল (ওয়েটার) ৩টি (জেনাঃ)।

**কনস্টেবল (নার্সিং অর্ডারলি) :** মাধ্যমিক পাশরা সেন্ট জন অ্যাম্বুলেন্স থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। কোনো হাসপাতাল বা, প্রতিষ্ঠানে নার্সিং অর্ডারলি হিসাবে অন্তত ১ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে কনস্টেবল (ট্রেডসম্যান) পদের বেলায় লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয়দের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। উপজাতি/আদিবাসী হলে ২ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী উপজাতি হলে ১৫০) সেমি। কনস্টেবল (ড্রাইভার) পদের বেলায় লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১৭০ (তপশিলী উপজাতি হলে ১৬০ সেমি, গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয়দের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। উপজাতি/আদিবাসী হলে ২ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন।

ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া দু'চোখে ৬/৬ ও ৬/৯। মানসিক ও শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখের পরীক্ষা। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে 'শারীরিক সক্ষমতার পরীক্ষা' হবে। তারপর হবে লিখিত পরীক্ষা। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলা থাকবে ২৪ মিনিটে ৪.৮ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ১৮ মিনিটে ২.৪ কিমি দৌড়। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ, অঙ্ক, রিজনিং ও জেনারেল ইংরিজি। জেনারেল, ই.ডব্লু.এস., ও.বি.সি., প্রাঃসঃকঃ প্রার্থীরা ৫০% আর তপশিলী হলে ৪৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। লিখিত পরীক্ষায় সফল ২০ গুণ প্রার্থীকে স্কিল টেস্টের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruitment.ssb.gov.in, https://ssb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-১২ কেবির মধ্যে) আর সিগনেচার (৪-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। যে কোনো একটি পদের জন্য দরখাস্ত করবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

# শিক্ষিত বেকাররা যোগ্য না হয়ে ওঠায় চাকরি পাচ্ছেন না

*সবসময় শোনা যায়— চাকরি নেই। তাই পড়াশোনা করে কী হবে? কিন্তু আসল সত্যিটা হল চাকরি আছে। শুধুমাত্র ছেলেমেয়েদের লক্ষ্য স্থির নয় বলে— তারা তা খুঁজে পাচ্ছে না। দুঃখের কথা হল যোগ্য চাকরি থাকলেও— চাকরি করার যোগ্যতা খুব কম ছেলেমেয়েরেই আছে। ঠিক কী ধরনের প্রফেশনাল ট্রেনিং থাকলে, আপনি প্রফেশনাল ফিল্ডে উত্তরোত্তর উন্নতি করবেন সেই দিশার খোঁজ দিলেন সফল উদ্যোক্তা ও দীর্ঘ ১ যুগের অন্যতম সেরা কেরিয়ার পরামর্শদাতা ডিসান অ্যাকাডেমির অর্ঘ্য দত্ত।*



অর্ঘ্য দত্ত
সি.ই.ও
ডিসান অ্যাকাডেমি

প্রায় ১১ বছর ধরে ছেলেমেয়ে, চাকরিপ্রার্থী ও অভিভাবকদের সঙ্গে সরাসরি কাজ করার অভিজ্ঞতা থেকে আমি একটি কঠিন কিন্তু স্পষ্ট সত্য বুঝেছি— আমাদের সমস্যা 'চাকরির অভাব নয়', সমস্যার মূল হল 'দিশাহীনতা'। প্রতিদিন আমি অসংখ্য ছেলেমেয়েকে জিজ্ঞাসা করি— 'তুমি কী হতে চাও?' মাত্র ১০% ক্ষেত্রে উত্তর আসে— 'একটা ভালো চাকরি করতে চাই।' কিন্তু যখন পরের প্রশ্ন করি— কোন চাকরি? কোন ক্ষেত্র? কত বেতন আশা করো? সেই জায়গায় পৌঁছাতে কী দক্ষতা দরকার?— তখন কিন্তু কোনো উত্তর নেই। শুধুমাত্রই নীরবতা।

**• Course-এ তো ভর্তি হয়েছি, কিন্তু Career হচ্ছে না**

আজকের দিনে ছেলেমেয়ে ও অভিভাবকদের ফোকাস স্পষ্ট— কোন কোর্স করলে, ঠিক কী চাকরি পাওয়া যাবে? কিন্তু কেউ প্রশ্ন করছে না— এই কোর্স কি আমার জন্য সঠিক? এই ফিল্ডে কি আমার আগ্রহ বা দক্ষতা আছে? বাস্তবে এই ক্ষেত্রে সুযোগ কতটা? ফলে যা হচ্ছে-তা ভয়াবহ। কোনো কিছু না ভেবে শুধুমাত্র ট্রেন্ড 'ফলো' করে যেকোনো ট্রেনিংয়ে ভর্তি হলে আর যাই হোক চাকরি যে হবে না— তা নিশ্চিত করে বলা যায়। এই সুযোগে একটি 'course economy' তৈরি হয়েছে, যেখানে ভর্তি হচ্ছে হাজার হাজার ছেলেমেয়ে, অথচ কর্মসংস্থানের নিশ্চয়তা নেই। তারপরে স্বভাবতই প্রশ্ন ওঠে— 'চাকরি নেই কেন?'

**• ৩-৪ বছর ধরে বিনিয়োগ, কিন্তু লক্ষ্য শূন্য**

আমাকে অনেক সময় ভাবায়— যদি শেষ পর্যন্ত ১০-১২ হাজার টাকার একটি সাধারণ চাকরিই করতে হয়, তাহলে— ৩-৪ বছর ধরে লক্ষাধিক টাকা ব্যয় করব কেন? বিনিয়োগ করার অর্থ কী? এই প্রশ্নটি কঠিন, কিন্তু আজকের দিনে দাঁড়িয়ে খুবই প্রয়োজনীয়। কারণ বাস্তব হল— অনেক ছেলেমেয়ে গ্র্যাজুয়েট হলেও তারা প্রকৃত স্কিল এর অভাবে দিশাহীন।

**• Degee ≠ Employability**

সমাজে এখনও একটি প্রচলিত ধারণা আছে— 'বি.টেক করলেই পাকা চাকরি'। আবার এই ধারণাও আছে— 'এমসিএ করলে কেরিয়ার নিরাপদ'। একদম ভুল। আমি স্পষ্টভাবে বলছি— এই 'বস্তাপচা ধারণা'র সাথে বাস্তবের কোনো মিল নেই। আমি এমন বহু ছেলেমেয়ে দেখেছি— যাদের কাছে ডিগ্রি আছে, কিন্তু কোনো স্কিল নেই। শুধুমাত্র প্রয়োজনীয় ট্রেনিংয়ের অভাবে ইন্টারভিউ ক্র্যাক করতে পারছে না। আবার, যারা মতো ঠিকমতো ট্রেইন্ড বা স্কিলড— তাদের কাছে রিসোর্স কম থাকলেও তারা ঠিক সফল হচ্ছে। কেরিয়ারের শুরুতেই ভালো পে-প্যাকেজ পাচ্ছে।

**• Passion কে দমন করে, Reality কে ভুল বোঝা হচ্ছে**

আমাদের সমাজে দুটি প্রচলিত কিন্তু ভুল ধারণা আছে। একটি হল শুধুমাত্র 'প্যাশন' দিয়ে আজকের দিনে দাঁড়িয়ে কিছু হয় না। আরেকটি ধারণা হল— বাস্তব না দেখে শুধুমাত্র 'প্যাশন' ফলো করছে। কিন্তু আসল সত্যিটা হল — Passion + Practical Strategy = Sustainable Success. যারা এই সমন্বয় করতে পারে, তারা দেরিতে হলেও অবশ্যই স্থায়ীভাবে সফল হয়।

**• Guardian mindset— নীরব কিন্তু বড় প্রভাব**

আমি সরাসরি বলব— অনেক ক্ষেত্রে অভিভাবকদের চিন্তাধারাও এই সমস্যার জন্য দায়ী। 'সরকারি চাকরি— একমাত্র নিরাপদ। প্রাইভেট জবে কোনো ভবিষ্যত নেই'। এই মাইন্ডসেট থেকেই অভিভাবকেরা তাঁদের ছেলেমেয়েদের ঝুঁকি নিতে বাধা দেয়। ফলে ছেলেমেয়েরাও কোনো ঝুঁকি নেয় না। স্বভাবতই নতুন কোনো ক্ষেত্র তাই এক্সপ্লোর হয় না। যা চাকরির বাজারে তার ডিম্যান্ড কমিয়ে দেয়।

**• সমস্যা পড়াশোনায় নয়, Execution-এ**

আজকের ছেলেমেয়েরা ট্রেনিং তো শুরু করছে— কিন্তু শেষ করছে না। একটু ধৈর্য্য ধরে ট্রেনিং শেষ করলেই কিন্তু তার জন্য ভালো কেরিয়ার অপশন তৈরি হতে পারে। দরকার ডিসিপ্লিনড ভাবে প্র্যাক্টিক্যাল সেন্স এর প্রয়োগ। ট্রেনিং শুরু করলে শেষ করতেই হবে— এই আপ্তবাক্য মাথায় রাখলে ঘরে বসে চাকরি পাবেন— এ আমার গ্যারান্টি।

**• স্পষ্ট কিন্তু প্র্যাক্টিক্যাল সিদ্ধান্ত**

আমাদের 'এডুকেশন সিস্টেম' এর সম্পূর্ণ বাইরে এসে ছেলেমেয়েদের ৩টি বিষয় শিখতেই হবে— (১) Clarity— অর্থাৎ আমি ঠিক কী করতে চাইছি? (২) Skill— অর্থাৎ আমি ঠিক কী করতে পারি? (৩) Market— অর্থাৎ ঠিক কোথায় সুযোগ আছে। এই ৩টি বিষয় পরিষ্কার জানা না থাকলে কোনো ডিগ্রি— কোনো কোর্স— কোনো ট্রেনিং আপনাকে চাকরি দিতে পারবে না।

শেষে সবাইকে এটুকুই বলব— 'ঠিকঠাক মতো কেরিয়ার প্ল্যান ছাড়া পড়াশোনা করা মানে অন্ধ বিনিয়োগ— খরচ নিশ্চিত, কিন্তু ফল অনিশ্চিত।' যদি এখনই আমরা ডিরেকশন, অ্যাওয়ারনেস ও বাস্তবভিত্তিক প্র্যাক্টিক্যাল সিদ্ধান্ত— এই ৩টি বিষয়ের ওপর গুরুত্ব দিয়ে কোনো সিদ্ধান্ত নিলে তা ১০০% ঠিক হবে— এ আমার দৃঢ় বিশ্বাস। যোগ্যতা অনুযায়ী ঠিক কী ধরনের ট্রেনিং দরকার, তা জানাটাই আসল। আর এই ধরনের ট্রেনিংয়ের খোঁজ পেতেই নির্দ্বিধায় যোগাযোগ করুন আমাদের স্পেশাল কেরিয়ার টিমের সঙ্গে এই নম্বরে : ৯৪২৯৬৯১৮৮৮।

## কেন্দ্রে ৫৯ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

প্রার্থী বাছাই হবে স্কিল টেস্টের মাধ্যমে। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2026, Date: 22/04/2026. দরখাস্ত করবেন অনলাইনে, ৬ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nmdc.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

# CIPETএ বিভিন্ন প্লাস্টিক্স কোর্সে ভর্তি

**নিজস্ব সংবাদদাতা, হলদিয়া :** কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (CIPET) ৪টি প্লাস্টিক্স টেকনোলজির কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল: (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : মাধ্যমিক, মেয়াদ : ৩ বছর (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং, যোগ্যতা : বিজ্ঞান শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ, মেয়াদ : দু বছর। (৪) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন উইথ CAD/CAM, যোগ্যতা : মেকানিক্যাল/ প্লাস্টিক্স/পলিমার/ টুল/ টুল অ্যান্ড ডাই মেকিং/প্রোডাকশন/ মেকাট্রনিক্স/ অটোমোবাইল / পেট্রোকেমিক্যালস/ ইন্ডাস্ট্রিয়াল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ বা DPMT/DPT বা সমতুল কোর্স পাশ। মেয়াদ: দেড় বছর। বয়সের কোনো কড়াকড়ি নেই। ছেলে ও মেয়েদের থাকার জন্য আলাদা হস্টেলের ব্যবস্থা আছে। যারা ফিজিক্স, কেমিষ্ট্রি ও ম্যাথামেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক (রেগুলার / ভোকেশনাল) পাশ করবে অথবা যেকোনো শাখায় আই টি আই (২-বছরের) পাশ ছেলেমেয়েরা (উচ্চমাধ্যমিকে ওপরের ৩টি বিষয়ও থাকতে হবে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে DPT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি) বা DPMT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি)এর দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তি হতে পারেন। আসন সংখ্যা সীমিত। যারা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তারাও যোগ্য। কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। CIPET ADMISSION TEST–2026এর মাধ্যমে ভর্তি নেওয়া হবে। অনলাইন আবেদনের শেষদিন ২৮ মে (ল্যাটারাল এন্ট্রির ক্ষেত্রে ৩০ মে)। সিপেট পরীক্ষার হবে ৭ জুন। সফলদের অবশ্যই প্লেসমেন্টে সাহায্য করা হয়। পাশ করলে শুরুতেই ভালো প্যাকেজের চাকরি নিশ্চিত। অনলাইনে আবেদন করতে হবে এই লিঙ্কে: https://cipet26.onlineregistrationform,org/CIPET/ ফোন: 9002132328, 9749042189. Website: www.cipet.gov.in

# CBSE অনুমোদিত স্কুলে শিক্ষক-শিক্ষিকা ও অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, বনগাঁ :** CBSE অনুমোদিত উত্তর ২৪ পরগনার Evangel Public School 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' ও 'অ্যাডমিনিস্ট্রেটর' পদে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও পোস্ট-গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয়ের এম.এসসি. কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' / 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' পদের জন্য আবেদন করতে পারেন। মাইনে মাসে ১০ হাজার থেকে ১৫ হাজার টাকার মধ্যে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো সংস্থায় প্রশাসক হিসাবে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে 'অ্যাডমিনিস্ট্রেটর' পদের জন্য যোগ্য। আকর্ষণীয় মাইনে।

সব ক্ষেত্রেই অন্যান্য সুযোগ সুবিধা আছে। আগ্রহী ছেলেমেয়েরা আগামী ১০ দিনের মধ্যে সম্পূর্ণ বায়োডাটা ই-মেল করুন এই নম্বরে : evangelps2018@gmail.com যোগাযোগের ঠিকানা : Evangel Public School (CBSE), Chatra, 24 Pgs (North), Ph: 6295073753.

# শুধু মাত্র ৯ মাসের ট্রেনিং নিয়ে কীভাবে ভালো মাইনের চাকরি পেলাম



আমি অদ্রিজা মুখার্জি। আজকে দাঁড়িয়ে কেউ বললে বিশ্বাস করবে না যে ঠিক ১ বছর আগে আমি পুরোপুরি বেকার ছিলাম। ২০২৪ সালে আমি গ্র্যাজুয়েট পাশ করে বসেছিলাম। নিয়মিত কর্মসংস্থান কাগজ বাড়িতে রাখতাম। একদিন ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। ভাবলাম একবার ফোন করেই দেখি। ওনারা ফোনে কাউন্সিলিং না করে, বললেন সরাসরি ইনস্টিটিউটে চলে আসতে। একদিন সাহসে ভর করে, ইনস্টিটিউটের ভবানীপুর সেন্টারে চলে গেলাম। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। ওখানকার কাউন্সিলাররা আমি আদৌ এই কোর্সের জন্য উপযুক্ত কিনা— বিভিন্নভাবে তা পরীক্ষা করলেন। তারপর ১ দিন পর আমাকে ওখান থেকে জানানো হল যে আমি যদি আগ্রহী থাকি, তাহলে ১২ মাসের ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হতে পারি। আমি সিদ্ধান্ত নিলাম— আমি ভর্তি হব। নিজের পায়ে দাঁড়াতেই হবে। আর প্রথম থেকেই, আমার একটা ঝোঁক ছিল স্রোতে গা না ভাসিয়ে, একটু অন্যভাবে কিন্তু 'স্টেডিলি' নিজের 'কেরিয়ার' শুরু করা। NIHT তে গিয়ে মনে হয়েছিল — 'আমি যা চাইছি, ঠিক সেই রকম ভাবেই কেরিয়ার শুরু হতে পারে এখান থেকে।' যাই হোক, প্রথম দিন থেকেই ওখনকার স্কিলড প্রফেশনালসরা আমাকে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড গাইড করতে থাকেন। কাউন্সিলরদের পরামর্শ মতো আমি প্রতিটি উপদেশ মেনে চলি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। আস্তে আস্তে আমি বুঝতে পারি যে আমি পারব। পারতে আমাকে হবেই। ওখানকার মেন্টরদের গাইডেন্সে ও ঠিকঠাকমতো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিংয়ে, ঠিক ১ বছর পর Blue Waves Media-তে আমি চাকরি পাই। এখন আমি মাসে হ্যান্ডসাম পে প্যাকেজ পাই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে: 9830501515 / 9903622993.


HERBS N DRUGS ®
বারাসাতে খ্যাতনামা অত্যাধুনিক আয়ুর্বেদিক ঔষধ কোম্পানীতে অভিজ্ঞতা সম্পন্ন
SALES EXECUTIVE ও ACCOUNTANT
প্রয়োজন
GOOD SALARY
সম্পূর্ণ বিবরন ও ছবিসহ সত্বর যোগাযোগ করুন
herbsndrugs@rediffmail.com
or WhatsApp only
7596875445
8016750837


**Walk - In- Interview**

Vivekananda Mission High School (CBSE- Aff. No. 2430070, Sch. Code - 15748) Mechogram, Panskura, Purba Medinipur, Ph. No - 03228-/ 252577, Email- mecvmhs@gmail.com)
Date- 07/05/2026, Time - 11 AM

| Post | Eligibility | Documents |
|---|---|---|
| Psychologists - 01 | M.Sc. B.Ed. | Application with Photo, CV • Educational Certificate & ID Proof (Original & Xerox). |
| Physical Education - 01 | M. P. Ed. | |
| Physics PGT - 01 | M. Sc. B. Ed | |

N.B; Good Command in English; experience preferred. Computer Knowledge is mandatory.

# এলআইসি হাউজিং ফিনান্সে ১৮০ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে চাকরি পাবো কীভাবে

চাকরিপ্রার্থীদের জন্য সুখবর। দেশের সবচেয়ে বড় জীবনবিমা সংস্থার সিস্টার কনসার্ন এলআইসি হাউজিং ফাইন্যান্স লিমিটেডে নিয়োগের বিজ্ঞপ্তি কয়েকদিন আগেই বেরিয়েছে। নিয়োগ হবে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে। শূন্যপদের সংখ্যা ১৮০। কিন্তু আবেদন করবে ১০ লাখ ৮০ জন। এখন ১০ লাখ ৮০ থেকে কী করে ১৮০ জনের মধ্যে ঢুকবো। লাখ টাকার প্রশ্ন। আপনারা যাঁরা আর্থিকভাবে একটি স্থিতিশীল, মর্যাদাপূর্ণ ও প্রবৃদ্ধিমুখী কর্মজীবনের স্বপ্ন দেখেন, এটি তাঁদের জন্য সুবর্ণ সুযোগ। বছরে ৫,০০,০০০ লাখ টাকা মূল্যের এই প্রিমিয়াম চাকরি পেতে ঠিক কী ধরনের প্রস্তুতি হওয়া উচিত ও *এই পরীক্ষার সিলেবাস, পরীক্ষার ধরন, প্রশ্নপত্রের বিন্যাস-সহ খুঁটিনাটি বিষয় নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

এলআইসি এইচএফএল-এ জুনিয়র অ্যাসিস্ট্যান্টের চাকরি শুধু একটি 'ডেস্ক জব' নয়। এটি একটি বহুমুখী ভূমিকা, যেখানে আপনি ভারতের অন্যতম বৃহত্তম হাউজিং ফাইন্যান্স কোম্পানির মেরুদণ্ড হয়ে ওঠেন। আপনিই সেই ব্যক্তি, যিনি সব পরিবারকে তাদের নিজের বাড়ির স্বপ্ন পূরণে সাহায্য করেন।

**প্রধান দায়িত্ব:**

**লোন প্রসেসিং:** আপনি হোম লোনের আবেদনপত্রের শুরু থেকে শেষ পর্যন্ত ডকুমেন্টেশন ও প্রসেসিংয়ের কাজ সামলাবেন।

**গ্রাহক যোগাযোগ:** আপনিই হবেন গ্রাহকদের যোগাযোগের প্রথম মাধ্যম, যিনি তাদের জিজ্ঞাসার সমাধান করবেন ও বিভিন্ন আর্থিক পণ্য সম্পর্কে তাদের নির্দেশনা দেবেন।

**ডেটা ব্যবস্থাপনা:** সিস্টেমে রেকর্ড নির্ভুলভাবে আপডেট করা ও ডেটা লিকেজ বন্ধ করতে উচ্চমানের সিকিউরিটি বজায় রাখা।

**পরিচালনগত সহায়তা:** ঊর্ধ্বতন কর্মকর্তাদের দৈনন্দিন প্রশাসনিক কাজ, পুনরুদ্ধার-সংক্রান্ত কার্যক্রম ও ইএমআই ফলো-আপে সহায়তা করা।

দেশের একাধিক রাজ্যে এই নিয়োগ হবে। এরমধ্যে রয়েছে পশ্চিমবঙ্গও। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, মোট ১৮০টি শূন্যপদে নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গ ছাড়াও উত্তরাখণ্ড, তেলঙ্গানা, তামিলনাড়ু, সিকিম, রাজস্থান, পঞ্জাব, ওড়িশা, মহারাষ্ট্র, মধ্য প্রদেশ ও কেরালায় কর্মী নেওয়া হবে। ফলে দেশের বিভিন্ন প্রান্তের চাকরিপ্রার্থীরা এই সুযোগ পেতে পারেন।

**কোন পদে নিয়োগ ও বেতন কত?**

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ হবে। সিলেকশন হলে প্রতি মাসে বেতন দেওয়া হবে ৩৮,৭০৯ টাকা থেকে ৪১,৫০৯ টাকার মধ্যে। অর্থাৎ শুরুতেই প্রায় ৪০ হাজার টাকার মতো বেতন পাওয়া যাবে, যা অনেকের জন্য বড়ো সুযোগ।

**শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা :**

এই পদে আবেদন করতে হলে আবেদনকারীকে অবশ্যই ভারতের নাগরিক হতে হবে। বয়স থাকতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে।

শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে নিয়মিত পাঠক্রমে ৫৫% নম্বর-সহ স্নাতক ডিগ্রি থাকা বাধ্যতামূলক। পাশাপাশি কম্পিউটারের কাজে দক্ষতা থাকা প্রয়োজন।

**আবেদন করবেন কীভাবে?**

আবেদন করতে হলে প্রথমে এলআইসি হাউজিং ফাইন্যান্স লিমিটেড-এর অফিসিয়াল ওয়েবসাইটে যেতে হবে। হোমপেজে গিয়ে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি খুঁজে নিতে হবে। সেখানে দেওয়া নির্দেশ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে। এর সঙ্গে প্রয়োজনীয় নথিও জমা দিতে হবে। সব তথ্য ঠিকভাবে দিয়ে আবেদন সম্পূর্ণ করতে হবে।

**শেষ তারিখ কবে?**

এই নিয়োগের জন্য আবেদন করার শেষ দিন ৩০ এপ্রিল। তাই যারা আবেদন করতে চান, তারা দ্রুত আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করুন।

**কীভাবে সিলেকশন**

আবেদন প্রক্রিয়া শেষ হওয়ার পর প্রার্থীদের লিখিত পরীক্ষা দিতে হবে। সেই পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্টারভিউ নেওয়া হবে। এই দুই ধাপ পার করতে পারলেই মেধাতালিকার ভিত্তিতে নিয়োগ করা হবে। শূন্যপদের সংখ্যা অনুযায়ী চূড়ান্ত প্রার্থীদের বেছে নেওয়া হবে।

এলআইসি হাউজিং ফিন্যান্স লিমিটেড (LIC HFL) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ২০২৬ পদের জন্য একটি অনলাইন পরীক্ষার মাধ্যমে কর্মী নিয়োগ করবে। এই পরীক্ষায় ৫টি বিষয়-ইংরিজি, লজিক্যাল রিজনিং, নিউমেরিক্যাল অ্যাবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস (আর্থিক ও আবাসন খাত) ও কম্পিউটার দক্ষতা থেকে ২০০টি প্রশ্নের (মোট ২০০ নম্বর) উত্তর ২ ঘণ্টায় দিতে হবে।

**LIC HFL জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও প্যাটার্ন (২০২৬):**

**১. ইংরিজি ভাষা (English Language):** ৪০টি প্রশ্ন। topics-reading comprehension, cloze test, error spotting, sentence improvement।

**২. লজিক্যাল রিজনিং (Logical Reasoning):** ৪০টি প্রশ্ন। topics-syllogism, puzzles, blood relations, coding-decoding, order and ranking.

**৩. সংখ্যাগত সক্ষমতা (Numerical Ability):** ৪০টি প্রশ্ন। topics-number series, data interpretation, arithmetic (profit/loss, simple/compound interest, time & work), simplification।

**৪. সাধারণ সচেতনতা (General Awareness):** ৪০টি প্রশ্ন। ব্যাঙ্কিং ও ফিনান্সিয়াল সেক্টর, কারেন্ট অ্যাফেয়ার্স, ও বিশেষ করে হাউজিং ফাইন্যান্সের ওপর জোর দেওয়া হবে।

**৫. কম্পিউটার দক্ষতা (Computer Skill):** ৪০টি প্রশ্ন। বেসিক কম্পিউটার নলেজ, অফিস টুলস।

**পরীক্ষার গুরুত্বপূর্ণ তথ্য:**

**নেগেটিভ মার্কিং:** প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

**পরীক্ষা পদ্ধতি:** সম্পূর্ণ পরীক্ষাটির প্রশ্নপত্র ইংরিজিতে হবে।

**নির্বাচন প্রক্রিয়া:** অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের সম্মিলিত স্কোরের ভিত্তিতে চূড়ান্ত নির্বাচন হবে।

**কীভাবে আবেদন করবেন :**

অফিসিয়াল ওয়েবসাইট দেখুন: www.lichousing.com

কেরিয়ার → চাকরির সুযোগ → জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নিয়োগ-এ যান

'অনলাইনে আবেদন করুন'-এ ক্লিক করুন।

আপনার নাম, ইমেল আইডি ও মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন করুন।

সমস্ত ব্যক্তিগত, শিক্ষাগত ও অন্যান্য বিবরণ যত্ন সহকারে পূরণ করুন।

**নিম্নলিখিত নথিগুলি নির্ধারিত বিন্যাসে আপলোড করুন:**

পাসপোর্ট আকারের ছবি (জেপিজি, ২০-৫০ কেবি)

কালো কালিতে স্বাক্ষর (জেপিজি, ১০-২০ কেবি)

বাম বৃদ্ধাঙ্গুলির ছাপ (জেপিজি, ২০-৫০ কেবি)

সাদা কাগজে ইংরিজিতে হাতে লেখা ঘোষণাপত্র (জেপিজি, ৫০-১০০ কেবি)

অনলাইনে আবেদন ফি ৮০০ টাকা + ১৮% জিএসটি = মোট ৯৪৪ টাকা দিতে হবে।

শেষ পর্যায়ে সব ঠিক আছে কিনা নিশ্চিত করুন। প্রিন্টআউট করে নিন ও সংরক্ষণ করুন।

একবার জমা দেওয়া হয়ে গেলে আবেদনপত্রে কোনো পরিবর্তন করা যাবে না। 'জমা দিন' (Submit) বোতামে চাপ দেওয়ার আগে সবকিছু ভালোভাবে দেখে নিন।

**মনে রাখার মতো বিষয়গুলি :**

প্রার্থীরা শুধুমাত্র একটি শহরের শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন।

হস্তলিখিত ঘোষণাপত্রটি প্রার্থীকে নিজে শুধুমাত্র ইংরিজিতে লিখতে হবে।

বড়ো হাতের অক্ষরে করা স্বাক্ষর নেওয়া হবে না।

সকল বিভাগের জন্য আবেদন ফি রিফান্ডেবল নয়।

পরীক্ষার দিন বায়োমেট্রিক তথ্য (আঙুলের ছাপ + লাইভ ছবি) সংগ্রহ করা হবে।

পরীক্ষা হলে মোবাইল ফোন ও ক্যালকুলেটর ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ।

রেশন কার্ড ও লার্নার্স ড্রাইভিং লাইসেন্স পরিচয়পত্র হিসাবে বৈধ নয়।

**কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন :**

প্রশ্ন ১। এলআইসি এইচএফএল জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ২০২৬ পদের জন্য আবেদন করার শেষ তারিখ কবে?

৩০ এপ্রিল ২০২৬।

প্রশ্ন ২. প্রয়োজনীয় সর্বনিম্ন শতাংশ কত?

স্নাতকে মোট ৫৫% নম্বর। ৫৪.৯৯% গ্রহণযোগ্য নয় - কারণ দশমিকে প্রাপ্ত নম্বর পূর্ণ সংখ্যায় রূপান্তর করা যাবে না।

প্রশ্ন ৩। কাজের অভিজ্ঞতা কি বাধ্যতামূলক?

না, এটা শুধু পছন্দনীয়।

প্রশ্ন ৪। আমি কি একাধিক শহরের জন্য আবেদন করতে পারি?

না। প্রত্যেক প্রার্থী শুধুমাত্র একটি শহরের শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন।

প্রশ্ন ৫। নেগেটিভ মার্কিং রয়েছে কি?

হ্যাঁ-প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

প্রশ্ন ৬। আবেদন ফি কত?

৮০০ টাকা + ১৮% জিএসটি = মোট ৯৪৪ টাকা। এই অর্থ ফেরতযোগ্য নয়।

প্রশ্ন ৭। দূরশিক্ষণ মোডের স্নাতকরা কি যোগ্য?

না। শুধুমাত্র সব নিয়মিত পূর্ণকালীন স্নাতক কোর্সই গ্রহণ করা হবে।

চাকরি খুঁজছেন এমন প্রার্থীদের জন্য এটি একটি বড়ো সুযোগ। সরকারি সংস্থার সঙ্গে যুক্ত এই চাকরিতে ভালো বেতন ও স্থায়িত্ব দুটোই রয়েছে। তাই সময় নষ্ট না করে দ্রুত আবেদন করুন।

রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ১৭,০০০ থেকে ২২,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ৫০০ থেকে ৭০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMM (Social Media Management), (III) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৫.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা **Google Keyword Planner** বা **Ubersuggest**-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য **Buffer** বা **Hootsuite**-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।**

## 'ডিসান কেরিয়ার কানেকট'-এ সরাসরি চাকরি পেল ৬০ জন

### কর্মসংস্থানের নতুন দিশা দেখাতে এক ব্যাতীক্রমী উদ্যোগ

**পারমিতা মিত্র, সল্টলেক :** রাজ্যের অন্যতম সেরা ট্রেনিং প্রোভাইডর ডিসান অ্যাকাডেমী ও ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড-এর যৌথ উদ্যোগে কলকাতায় শনিবার, ২৫-এপ্রিল হয়ে গেল একটি ব্যাতীক্রমী ওয়াক-ইন ড্রাইভ। 'ডিসান কেরিয়ার কানেকট, ২০২৬' শীর্ষক এই ড্রাইভটি ছিল সব দিক থেকেই একটি ব্যাতীক্রমী উদ্যোগ। যেখানে চাকরি নেই বলে সবাই অভিযোগ করছে, সেখানেই একসাথে ৬০ জনের চাকরি পাওয়া মুখের কথা নয়। এই জব ফেয়ারে অংশ নেয় Pichers Global, CodexLane, FusionTech Lab, Scribletopia, Mervise Infotech সহ শহরের একাধিক শীর্ষ আইটি সংস্থা। এই ড্রাইভের জন্য মাত্র ২০দিনের প্রচারে ১৫০০-রও বেশি আবেদন জমা পড়ে। এ থেকেই বোঝা যায় রাজ্যে কর্মসংস্থানের কি বিপুল চাহিদা রয়েছে। শুধুমাত্র ফ্রেশাররই নয়, বহু অভিজ্ঞ প্রার্থীও এই ওয়াক-ইন ড্রাইভে অংশ নিয়ে ছিল। প্রসঙ্গত উল্লেখ্য, এই জব ফেয়ারে ৪০০-রও বেশি ছেলেমেয়ে সরাসরি অংশ গ্রহণ করে। এরমধ্যে ৬০ জনের বেশি shortlisted হন। তারমধ্যে ১৭ জন Spot Job Offer পান। আয়োজকদের মধ্যে অন্যতম ডিসান অ্যাকাডেমীর কর্ণধার অর্ঘ্য দত্ত জানালেন, 'এই উদ্যোগ শুধুমাত্র একটি জব ফেয়ার করার উদ্দেশ্যে নয়। বরং, Industry Academy Gap মেটানোর জন্য একটি অত্যন্ত প্রয়োজনীয় পদক্ষেপ। দক্ষ প্রার্থীদের সামনে সরাসরি রিক্রুটারদের নিয়ে এসে, কর্মসংস্থানের বাস্তব সুযোগ তৈরি করাই ছিল আমাদের উদ্দেশ্য।' তিনি আরো জানালেন, 'এই ওয়াক-ইন ড্রাইভ প্রমাণ করল সঠিক প্ল্যাটফর্ম তৈরি করা গেলে প্রতিভা ও সুযোগের সমন্বয় ঘটানো সম্ভব।' এ কথা জোর দিয়ে বলা যায় ১৫০০+ আবেদন, তারমধ্যে ৪০০+ অংশগ্রহণ, তারমধ্যে ৬০+ Shortlisting, তারমধ্যে ১৭ জনের Spot Job Offer পাওয়া — রাজ্যের কর্মসংস্থানের বিপুল সম্ভাবনার কথাই তুলে ধরে। এই সফল উদ্যোগের মাধ্যমে ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড ও ডিসান অ্যাকাডেমী আবার দেখাল যে তারা শুধু ট্রেনিং প্রোভাইডর নয় — Employment Enabled Environment তৈরি করার ক্ষেত্রেও সক্রিয়ভাবে কাজ করে চলেছে। অর্ঘ্য আরো জানালেন, 'ডিসান কেরিয়ার কানেকট ২০২৬ ভবিষ্যতে আরো বড় করে আয়োজনের পরিকল্পনা করছে তারা। বাংলার আরো বেশি ছেলেমেয়ে যাতে সরাসরি ইন্ডাস্ট্রিতে ভালোভাবে কেরিয়ার শুরু করতে পারে মূলত সেই উদ্দেশ্যেই এই কেরিয়ার কানেকট অনুষ্ঠান।'

> এই ওয়াক-ইন ড্রাইভে, রাজ্যের শীর্ষ স্থানীয় আইটি কোম্পানিতে ৪০০ জন ছেলেমেয়ে অংশগ্রহণ করে, ৬০ জন শর্টলিস্টেড হয়ে সরাসরি স্পট জব অফার পেলেন ১৭ জন।

## DSSSB'র পরীক্ষা

১ পাতার পর

দেওয়া হল : বিজ্ঞপ্তি নং 3/25'এর পোস্ট কোড : 801/25 : কোর্ট অ্যাটেন্ড্যান্ট, রুম অ্যাটেন্ড্যান্ট, সিকিউরিটি অ্যাটেন্ড্যান্ট পদের পরীক্ষা হবে ১ জুন থেকে ৩০ জুন পর্যন্ত।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 32/25 : অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট পদের পরীক্ষা হবে ১ জুলাই থেকে ৭ জুলাই পর্যন্ত।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 41/25 : ফরেস্ট গার্ড পদের পরীক্ষা হবে ৭ জুলাই থেকে ১৪ জুলাই পর্যন্ত।

বিজ্ঞপ্তি নং 7/25'এর পোস্ট কোড : 803/25 : মাল্টি টাস্কিং স্টাফ পদের পরীক্ষা হবে ২৫ জুলাই থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত।

বিজ্ঞপ্তি নং 5/25'এর পোস্ট কোড : 68/24 : জুনিয়র এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 5/24'এর পোস্ট কোড : 58/24 : মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 1/21'এর পোস্ট কোড : 15/21 : জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) / মেকানিক্যাল) (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড ; 24/25 : টেকনিক্যাল সুপারভাইজর (রেডিওলজি) পদের পরীক্ষা হবে ২ জুলাই।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 30/25 : সার্ভেয়র পদের পরীক্ষা হবে ৩ জুলাই।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 44/25 : জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল) (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ৫ জুলাই।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 27/25 : অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের পরীক্ষা হবে ১৪ জুলাই।

বিজ্ঞপ্তি নং 2/25'এর পোস্ট কোড : 29/25 : প্রোগ্রামার পদের পরীক্ষা হবে ১৫ জুলাই।

বিজ্ঞপ্তি নং 10/24'এর পোস্ট কোড : 829/24 : পি.জি.টি. (ইকনমিক্স) পদের পরীক্ষা হবে ১৫ জুলাই।

বিজ্ঞপ্তি নং 10/24'এর পোস্ট কোড : 82/24 : পি.জি.টি. (জিওগ্রাফি) পদের পরীক্ষা হবে ১৬ জুলাই।

বিজ্ঞপ্তি নং 3/23'এর পোস্ট কোড : 101/23 : অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 5/24'এর পোস্ট কোড : 28/24 : অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (হর্টিকালচার) (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 3/23'এর পোস্ট কোড : 101/23 : অ্যাসিস্ট্যান্টসেকশন অফিসার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২১ জুলাই।

বিজ্ঞপ্তি নং 5/24'এর পোস্ট কোড : 21/24 : অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর হর্টিকালচার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২২ জুলাই।

বিজ্ঞপ্তি নং 4/24'এর পোস্ট কোড : 8/24 : সেকশন অফিসার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২২ জুলাই।

বিজ্ঞপ্তি নং 5/24'এর পোস্ট কোড : 46/24 : ইন্সপেক্টিং অফিসার (টায়ার-।।) পদের পরীক্ষা হবে ২৩ জুলাই।

ওপরের ওইসব পদের পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। কবে থেকে ডাউনলোড করা যাবে তা কয়েকদিনের মধ্যেই ওয়েবসাইটে পাবেন।

## ২৫০ অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ

১ পাতার পর

ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.careers.ntpc.co.in, www.ntpc.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী আর মহিলাদের ফী লাগবে না) টাকা অনলাইন বা, অফলাইনে জমা দেবেন। অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। আর অফলাইনে জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এই অ্যাকাউন্ট নম্বরে : 30987919993 at CAG Branch, New Delhi (Code : 09996), on behalf of NTPC. আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## মহিলা কর্মী নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া :** জেলার অন্যতম সেরা সংস্থা আলামিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ মহিলা কর্মী নেওয়া হচ্ছে। উত্তর ২৪ পরগনার বাদুড়িয়া ব্লকের বাসিন্দা হতে হবে। গ্র্যাজুয়েশন পাশ প্রার্থীরাই আবেদন করতে পারবেন। এর সঙ্গে বেসিক কম্পিউটার জানা চাই। Tally জানা থাকলে ভালো হয়। মাসিক স্যালারি হবে ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী। বিশদে জানতে যোগাযোগ করুন: 9749254776.

## CACES – 'বেকার' থেকে 'আমলা' হওয়ার স্বপ্নপূরণ!



টি. কে. মিত্র

আজকের দিনে দাঁড়িয়ে, রাজ্যের বেকার ছেলে-মেয়েদের কাছে প্রিমিয়ার লেভেলের সরকারি চাকরি বলতে রয়েছে শুধুমাত্র WBCS. প্রত্যেক বছর লাখ লাখ ছেলে-মেয়ে আমলা হওয়ার লক্ষ্যে এই পরীক্ষা দেয়। কিন্তু শিকে ছেঁড়ে মাত্র কয়েকশো জনের। ঠিক কীভাবে আর কেমনভাবে প্রস্তুতি নিলে একজন মধ্য মেধার ছেলে-মেয়ের আমলা হওয়ার স্বপ্নপূরণ হবে— সে বিষয়ে বিস্তারিত জানালেন বিশিষ্ট শিক্ষক তথা ক্যাসেস্ এডুকেশন, কলকাতার মাননীয় শিক্ষাধ্যক্ষ টি. কে. মিত্র।

বর্তমান সময়ের নিরিখে IAS ও WBCS প্রায় সমার্থক বলা চলে। দু'টি পরীক্ষারই সিলেবাস, কাঠামো, ব্যপ্তি, বিজ্ঞপ্তি জারি, পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ মোটামুটি উনিশ-বিশ-ই বলা চলে। তাই বর্তমান সময়ের নিরিখে IAS পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া বুদ্ধিমানের কাজ। তাতে সাহস বাড়ে, মর্যাদা বাড়ে এবং ভবিষ্যতে সফল হতে পারলে— 'বাঙালি IAS পায় না', এই অপবাদও ঘোচে। যদি কেউ IAS পরীক্ষায় চূড়ান্ত সাফল্য পেতে ব্যর্থও হয়, তবে হাতে রইল অনেকটা দুধের স্বাদ ঘোলে মেটানোর মতো WBCS পরীক্ষাটি। সত্যি কথা বলতে কি, এখন WBCS আধিকারিকদের জন্য যে সকল সুযোগ-সুবিধা রয়েছে— তা প্রায় IAS ক্যাডারের সমতুল। এছাড়াও, নতুন নিয়মানুযায়ী, টানা ১৫ বছর WBCS ক্যাডার পদে চাকরি করবার পরে প্রমোশন মারফত প্রমোটি IAS ক্যাডারে যাওয়ার সুবর্ণ সুযোগ রয়েছে। তাই দু'টি পরীক্ষার প্রস্তুতি একই সাথে নিলে আদপে লাভ বৈ, ক্ষতি নয়। যেহেতু WBCS পরীক্ষাটি চারটি গ্রুপের জন্য নেওয়া হয়, তাই সঠিক প্রস্তুতির ভিত্তিতে পরীক্ষাটিতে বসলে কোনো না কোনো গ্রুপে সাফল্য লাভ করা যায়।

৪টি গ্রুপে নিয়োগের ভিত্তিতে WBCS পরীক্ষা হয়। সঠিক জায়গা থেকে ঠিকঠাক বিজ্ঞানভিত্তিক প্রস্তুতি নিতে পারলে, একজন সাধারণ মানের গ্র্যাজুয়েট ছাত্র বা ছাত্রী আমলা হওয়ার স্বপ্ন পূরণ করতে পারে। সামনের জুন মাসেই ২০২৪ সালের WBCS পরীক্ষার প্রিলিমিনারি পার্টটি নেওয়া হবে বলে মনে করা হচ্ছে। এর পর হবে ২০২৫ সালের প্রিলিমিনারি। অর্থাৎ সামনেই অনেকগুলি পরীক্ষা বিরাজমান। হাতে প্রস্তুতি নেওয়ার সময় মাত্র কয়েকটি মাস। তাই আজ থেকেই চূড়ান্ত সাফল্যের লক্ষ্যেই প্রস্তুতি শুরু করতে হবে। আর একটা জিনিস পরিস্কার করা দরকার— রাজ্যের অনেক ছেলে-মেয়েই জানে না ঠিকঠাক প্রস্তুতি নিয়ে WBCS পরীক্ষাটি দিলেই, পিএসসি মিসলেনিয়াস ও ক্লার্কশিপ পরীক্ষার জন্য আলাদা করে কোনো প্রস্তুতির দরকার পড়ে না। এই পরীক্ষায় সফল হতে হলে সবচেয়ে বেশি যে'টা দরকার— সে'টি হল ইস্পাত কঠিন মানসিকতা ও 'কিছুতেই হাল ছাড়ব না' এরূপ মনোভাব। তারপরে লাগবে সিলেবাস বুঝে ঠিকঠাকমতো অপশনাল পেপার বেছে নেওয়ার স্ট্র্যাটেজি। এই সব ব্যাপারেই রাজ্যের মধ্যে অন্যতম সেরা হল আমাদের এই প্রতিষ্ঠান। এখানে যেমনভাবে WBCS আধিকারিকদের দ্বারা স্ট্যাডি মেটেরিয়ালস, মক্ টেস্ট, মেন্টরিং, মক্ ইন্টারভিউ, ডাউট ক্লিয়ারিং ইত্যাদি নেওয়া হয়, তা রাজ্যের মধ্যে খুব কম প্রতিষ্ঠান থেকেই পাওয়া যায়। এখানকার ট্রেনিং প্যাটার্ন এমনভাবে সাজানো যাতে, একবার এখানে ভর্তি হলে, WBCS পরীক্ষা ক্র্যাক করার সম্ভাবনা অনেকটাই বেড়ে যায়। সর্বোপরি, এখানকার শিক্ষকমণ্ডলীর অবিরাম অনুপ্রেরণা পরীক্ষার্থীদের মধ্যে ভোকাল টনিকের কাজ করে। এককথায় বললে, যদি কেউ একবার এখানে ভর্তি হয়ে প্রস্তুতি শুরু করেন, তাহলে চূড়ান্ত সাফল্য নিয়েই কর্মস্থলে প্রবেশ করবেন। সাধারণ মানের গ্র্যাজুয়েট ছেলে-মেয়ে নিজের শক্তির ওপর আস্থা রেখে ঠিকঠাক মতো এক বছর আমাদের এখান থেকে ট্রেনিং নিলে আমলা হবেনই— এবিষয়ে আমি সর্বাত্মক গ্যারান্টি দিতে পারি। তাই আজকেই আমলা হওয়ার স্বপ্ন সফল করতে, আর সর্বোপরি নিজের পায়ে সম্মানের সঙ্গে দাঁড়াতে যোগাযোগ করুন আমাদের এখানে : WAPP : 9123325910 / 9062756906 অথবা অভিভাবকদের নিয়ে সরাসরি চলে আসুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন; 35 A.P.C. Rd., Kol-9 (জগৎ সিনেমার পাশে)।

## চাকরির পরীক্ষার ফল

দিল্লি হাই কোর্টের জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট / রেস্টোরার পদের ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www:delhihighcourt.nic.in

■

পটনা হাই কোর্টের স্টেনোগ্রাফার পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://patnahighcourt.gov.in

## মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর


সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ২৯ ও ৩০ মে, শুক্রবার ও শনিবার মালদহ জেলা শহরের সাহাপুরের লাগোয়া বি.এম. গ্র্যান্ড হোটেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এবার মালদহর ছেলেমেয়েদের জন্য 'দুয়ারে **কর্মসংস্থান**'। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।

আলামিন ইন্ডাস্ট্রি
বাদুড়িয়া, উঃ ২৪ পরগনা
আলামিন ইন্ডাস্ট্রিজ কোম্পানিতে চাকরির জন্য মহিলা কর্মী নিয়োগ চলছে বাদুড়িয়া ব্লক থেকে। শিক্ষাগত যোগ্যতা : বি এ পাস + বেসিক কম্পিউটার। Tally জানা থাকলে ভালো হয়।
M: +91 97492 54776



গত সপ্তাহের পর

## একনজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৭ ফেব্রুয়ারি : শত শত শিক্ষাকেন্দ্র তৈরির জন্য, এবছর সংযুক্ত আরব আমিরশাহীর দুবাইতে বার্ষিক 'ওয়ার্ল্ড গভর্নমেন্টস সামিট'এ ১ মিলিয়ন ডলারের 'গ্লোবাল টিচার পুরস্কার' পেলেন ভারতীয় শিক্ষিকা তথা সমাজকর্মী রুবেল নাগি। 'রুবেল নাগি আর্ট ফাউন্ডেশন'এর মাধ্যমে তিনি ৮০০টিরও বেশি শিক্ষা কেন্দ্র স্থাপন করেছেন, যার মাধ্যমে ১০ লাখেরও বেশি শিশুর কাছে পৌঁছানো সম্ভব হয়েছে। এর মধ্যে বস্তির শিশুরাও রয়েছে, যারা কখনও স্কুলে যায়নি। এছাড়াও সাহিত্য, বিজ্ঞান, গণিত ও ইতিহাস শেখানোর জন্য শিক্ষামূলক দেওয়াল লিখন তৈরি করেন নাগি।

❑ ভেড়ার সংখ্যার নিরিখে বিশ্বব্যাপী দ্বিতীয় বৃহত্তম দেশ ভারত (৭৭.৪ মিলিয়ন)। অন্যদিকে, পশম উৎপাদনে নবম স্থানে রয়েছে ভারত। ২০২৩-'২৪ আর্থিক বছরে মোট পশমের উৎপাদন ছিল ৩৩.৬৯ মিলিয়ন কিলোগ্রাম। ভারতের শীর্ষ পশম উৎপাদনকারী রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে রাজস্থান, যেখানে ১৬,০১৩.৫০ হাজার কেজি পশম উৎপাদিত হয়, যা ভারতের মোট পশম উৎপাদনের ৪৭.৫৩%। শুষ্ক জলবায়ু ও বিস্তৃত তৃণভূমি রাজস্থানকে ভেড়া পালনের জন্য আদর্শ করে তুলেছে। দ্বিতীয় স্থানে রয়েছে জম্মু ও কাশ্মীর, যেখানে ৭,৭০০ হাজার কেজি (২৩.০৬%) পশম উৎপাদিত হয়। তৃতীয় স্থানে রয়েছে কর্ণাটক, যেখানে ৬,৪৭২ হাজার কেজি পশম উৎপাদিত হয়।

❑ ভারতের প্রথম বন্দর হিসাবে, একটি উন্নত অ্যান্টি-ড্রোন সিস্টেম বাস্তবায়ন করা শুরু করল তামিলনাড়ুর 'ভি.ও.চিদাম্বরনার বন্দর কর্তৃপক্ষ', যা সামুদ্রিক ও উপকূলীয় নিরাপত্তা জোরদার করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই অ্যান্টি-ড্রোন সিস্টেমটি বন্দরের আশেপাশে অননুমোদিত ড্রোন কার্যকলাপ শনাক্ত করতে পারে, পর্যবেক্ষণ করতে পারে আর তার প্রতিক্রিয়াও জানাতে পারে। এজন্য এই সিস্টেমটিতে রয়েছে র‍্যাডার, রেডিও ফ্রিকোয়েন্সি ডিটেকশন আর অপটিক্যাল ট্র্যাকিং প্রযুক্তি। এটি ৫ কিলোমিটার পর্যন্ত অপারেশনাল রেঞ্জ-সহ ৩৬০ ডিগ্রি সর্বমুখী কভারেজ দিতে পারে। এই সিস্টেমটি তিন মাসের মধ্যে পুরোপুরিভাবে কার্যকর হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।



বাংলাদেশকে ৪-০ ব্যবধানে হারিয়ে, 'সাফ অনূর্ধ্ব-১৯ মহিলা চ্যাম্পিয়নশিপ' জিতল ভারত।

৮ ফেব্রুয়ারি : ৩১ জানুয়ারি, ২৪ ঘন্টায় মহিলাদের মধ্যে ৫,৫৫৫টি বৈদ্যুতিক সাইকেল বিতরণ করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল অন্ধ্র প্রদেশের চিত্তুর জেলার শহর কুপ্পম। রাজ্যের মুখ্যমন্ত্রী এন.চন্দ্রবাবু নাইডু'র নেতৃত্বে 'সবুজ ও স্বাস্থ্যকর কুপ্পম' উদ্যোগের আওতায় এই রেকর্ড গড়া হয়েছে। সুবিধাভোগীদের মধ্যে ছিলেন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, অঙ্গনওয়াড়ি শিক্ষিকা, আশা কর্মী আর গ্রাম সচিবালয়ের কর্মী। মুখ্যমন্ত্রী বলেন, এই বৈদ্যুতিক সাইকেল মহিলাদের প্রতি মাসে ১,০০০-১,৫০০ টাকা পর্যন্ত সাশ্রয় করতে সাহায্য করবে আর পরিবেশগত স্থায়িত্ব বাড়িয়ে তুলবে। এই সাইকেলগুলি কোনো টাকা খরচ না করেই ছাদে সৌরবিদ্যুতের মাধ্যমে চার্জ করা যায় আর এগুলি চালিয়ে সহজেই দৈনন্দিন প্রয়োজনে ৬০ কিলোমিটার পথ পাড়ি দেওয়া যায়।

❑ কেরলের পর, ভারতের দ্বিতীয় রাজ্য হিসাবে নিজস্ব বিস্তৃত রাজ্য স্তরের পাখি মানচিত্র প্রকাশ করল গোয়া, যা পাখির ডকুমেন্টেশন ও জীববৈচিত্র্য সংরক্ষণের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। গোয়ায় নবম 'পাখি উৎসব'এর সময় আনুষ্ঠানিকভাবে এই মানচিত্রটি উন্মোচন করা হয়। এটি রাজ্যের পাখিদের বৈচিত্র্য, বন্টন ও প্রাচুর্যের ডেটা-ভিত্তিক মানচিত্র প্রদান করে, যা দীর্ঘমেয়াদী সংরক্ষণ পরিকল্পনায় সাহায্য করবে। পক্ষীবিদ, গবেষক ও স্বেচ্ছাসেবকদের মাধ্যমে মানচিত্রটি তৈরি করা হয়েছে।

❑ কেরলকে ১-০ ব্যবধানে হারিয়ে, ৭৯ তম 'সন্তোষ ট্রফি' জিতল সার্ভিসেস।

৯ ফেব্রুয়ারি : বেঙ্গালউরুতে 'কোয়ালকম'এর কারখানায় ২ ন্যানোমিটার সেমিকন্ডাক্টর চিপ তৈরি করল ভারত। চিপটি উদ্বোধন করেন কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। ২ ন্যানোমিটার সেমিকন্ডাক্টর চিপ এখন বিশ্বের সবথেকে উন্নত চিপ প্রযুক্তিগুলির একটি, যেখানে অত্যন্ত ছোট জায়গায় বিপুল পরিমাণে ট্রানজিস্টর বসানো যায়। ফলে ডেটা দ্রুত প্রবাহিত হয়, বিদ্যুৎ খরচ কমে আর এআই, ৫জি, এজ কম্পিউটিং, স্মার্টফোন, ল্যাপটপ ও হাই-পারফরম্যান্স কম্পিউটিংয়ে পারফরম্যান্স বহুগুণ বেড়ে যায়। চিপটির নকশা তৈরি করা হয়েছে 'কোয়ালকম'এর ভারতীয় গবেষণা কেন্দ্রে আর এই কাজটি করেছেন ভারতীয় ইঞ্জিনিয়াররাই। প্রসঙ্গত উল্লেখ্য, চিন এখনো ৭ ন্যানোমিটারের নীচে যেতে পারেনি। ২ ন্যানোমিটারের কাছাকাছি প্রযুক্তিতে কাজ করতে পারছে মূলত মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, ইউরোপের কিছু অংশ আর দক্ষিণ কোরিয়া। ভারত এখন সেই একই স্তরে প্রবেশ করল।

❑ জানুয়ারিতে, সর্বোচ্চ অটোমোবাইল রফতানি আর তরল পণ্য পরিবহণে রেকর্ড গড়ল গুজরাতের 'মুন্দ্রা বন্দর'। 'আদানি মুন্দ্রা কন্টেইনার টার্মিনাল'এর রোরো টার্মিনালের মাধ্যমে মোট ২৫,৭৬২টি যানবাহন পাঠানো হয়েছে। একটি জাহাজে ৫,৭০১টি যানবাহন লোড করে একক জাহাজে লোডিং রেকর্ডও স্থাপন করেছে এই বন্দর। এছাড়াও, বন্দরের লিক্যুইড টার্মিনাল থেকে জানুয়ারিতে ১.১২০ মিলিয়ন টন তরল পণ্য পরিবহণ করা হয়েছিল, যা এখনও পর্যন্ত সর্বোচ্চ মাসিক রেকর্ড। প্রসঙ্গত উল্লেখ্য, মুন্দ্রা হল ভারতের বৃহত্তম বাণিজ্যিক বন্দর, যারা বছরে ২০০ মিলিয়ন টনেরও বেশি পণ্য পরিবহণ করে।

❑ প্রায় দুই দশকের মধ্যে প্রথমবারের মতো স্থানীয়ভাবে উৎপাদিত ফুট-অ্যান্ড-মাউথ ডিজিজের টিকা বাজারে আনল দক্ষিণ আফ্রিকা, যা দেশটির পশু স্বাস্থ্য ব্যবস্থাপনায় একটি উল্লেখযোগ্য মাইলফলক। স্থানীয়ভাবে এই টিকাটি তৈরি করেছে 'অ্যাগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল'। এই পদক্ষেপের লক্ষ্য হল রোগ নিয়ন্ত্রণ জোরদার করা, পশুপালকদের সুরক্ষা দেওয়া আর আমদানি করা টিকার ওপর নির্ভরতা কমানো। প্রাথমিকভাবে ১২,৯০০ ডোজের একটি ব্যাচ চালু করা হয়েছে, যার উৎপাদন ক্ষমতা মার্চের মধ্যে প্রতি সপ্তাহে প্রায় ২০,০০০ ডোজে উন্নীত হবে বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ফুট-অ্যান্ড-মাউথ ডিজিজ হল একটি অত্যন্ত সংক্রামক ভাইরাসজনিত রোগ, যা গরু, শূকর, ভেড়া ও ছাগল-সহ খুরবিশিষ্ট প্রাণীদের প্রভাবিত করে। এই রোগটি গবাদি পশুর ব্যবসা ও গ্রামীণ জীবিকাকে মারাত্মকভাবে ব্যাহত করতে পারে।

❑ সোশ্যাল মিডিয়ায় অস্ত্র-সহ ছবি পোস্ট করা আর অশ্লীল ভাষা ব্যবহার করা ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে 'অপারেশন শাস্ত্র' শুরু করল দিল্লি পুলিশ। যাঁরা অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ভয় দেখানোর চেষ্টা করেন, মূলত তাঁদের জন্যই এই অভিযানটি শুরু করা হয়েছে। ৫০০টিরও বেশি পুলিশ দল ও ২,০০০ জনেরও বেশি পুলিশ এই অভিযানে অংশ নেন। এর আওতায়, ৬ হাজারেরও বেশি সোশ্যাল মিডিয়া প্রোফাইল পর্যবেক্ষণের পর ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিযান চলার সময় মোট ৬১টি এফআইআর নথিভুক্ত করা হয়েছিল। এখনও পর্যন্ত ৮৩ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে।


এবছর 'এশিয়ান শুটিং চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ২৫ মিটার পিস্তল বিভাগে রুপোর পদক পেলেন ভারতীয় শুটার মানু ভাকের।

১০ ফেব্রুয়ারি : 'সিটি ইউনিয়ন ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন আর.বিজয় আনন্দ।

❑ বিশ্বের সবথেকে বড় বুনো সাপের খোঁজ পাওয়া গেল ইন্দোনেশিয়ায়। 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'এর স্বীকৃতি পাওয়া এই সাপটি একটি স্ত্রী রেটিকুলেটেড পাইথন। সাপটির নাম 'ইবু ব্যারোন', যার অর্থ 'দ্য ব্যারোনেস'। ২০২৫ সালের শেষে ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপের মারোস অঞ্চলে প্রথম এই সাপটির খোঁজ পাওয়া যায়। ১৮ জানুয়ারি বন্যপ্রাণী বিশেষজ্ঞ দিয়াজ নুগ্রাহা ও রাদু ফ্রেন্টিউ আনুষ্ঠানিকভাবে সাপটির দৈর্ঘ্য পরিমাপ করেন। মাথা থেকে লেজ পর্যন্ত সাপটির দৈর্ঘ্য রেকর্ড করা হয় ৭.২২ মিটার (২৩ ফুট ৮ ইঞ্চি) যা বুনো পরিবেশে পাওয়া যেকোনো সাপের ক্ষেত্রে একটি বিরল রেকর্ড।


কেরলের প্রথম মহিলা দৃষ্টিশক্তিহীন বিচারক হিসাবে দায়িত্ব নিতে চলেছেন আইনজীবী ২৪ বছর বয়সি থন্যা নাথান। বিচার বিভাগীয় পরিষেবা পরীক্ষায় সিভিল জজ (জুনিয়র ডিভিশন) পদে নির্বাচিত হয়ে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছেন তিনি। 'কান্নুর বিশ্ববিদ্যালয়' থেকে এলএলবি'তে প্রথম হন তিনি। ব্রেইল ও স্ক্রিন রিডিং সফটওয়্যারের সাহায্যে আইন পড়াশোনা চালিয়ে গিয়েছেন তিনি।

১১ ফেব্রুয়ারি : ভারতের সর্বকনিষ্ঠ পুরুষ অ্যানালগ মহাকাশচারী হয়ে ইতিহাস গড়লেন ১৭ বছর বয়সি আদিত্য পাণ্ড্য। ১ থেকে ৮ ফেব্রুয়ারি, গুজরাতের কচ্ছের ধোলাভিরায় সাদা সমভূমিতে চাঁদে বাসস্থান তৈরি করার মতো একটি নকল বাসস্থান সফলভাবে তৈরি করে এই নজির গড়লেন তিনি। আদিত্য নিজেই এই চন্দ্র বাসস্থানের সিস্টেমের নকশা তৈরি করেছেন আর সেখানে বসবাস করে তার কার্যকারিতা পরীক্ষা করেছেন। এই পুরো প্রক্রিয়াটি পরিচালনার দায়িত্বে ছিল 'আকা স্পেস স্টুডিও'। এই মিশনের মূল লক্ষ্য ছিল, চরম বিচ্ছিন্নতায় মানুষের মানসিক অবস্থা, আবদ্ধ স্থানে মেশিনের সঙ্গে মানুষের মিথস্ক্রিয়া ও বিভিন্ন ক্রিয়াকলাপের পরীক্ষা করা।

❑ বিশ্বের প্রথম পুরোপুরি ব্যক্তিগত মহাকাশ স্টেশন হতে চলেছে 'হ্যাভেন-১'। মার্কিন যুক্তরাষ্ট্রের স্টার্টআপ 'ভাস্ট স্পেস' এটি তৈরি করছে। ২০২৭ সালে 'স্পেসএক্স'এর 'ফ্যালকন ৯' রকেটে এটিকে লো আর্থ অরবিটে স্থাপন করা হবে আর এতে সর্বোচ্চ ৪ জন ক্রু থাকতে পারবে। উৎক্ষেপণের পর এটি প্রথমে মানববিহীন অবস্থায় মহাকাশে কার্যক্রম শুরু করবে। পরে পৃথিবী থেকে এর নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করা হবে। স্টেশনটি প্রায় তিন বছর সক্রিয় থাকবে আর এতে দুই সপ্তাহ মেয়াদের একাধিক মিশন পরিচালনার পরিকল্পনা রয়েছে।

❑ অসমের গুয়াহাটির কাছে 'গড়ভাঙ্গা রিজার্ভ ফরেস্ট'এ '*Polyrhachis garbhangaensis*' নামে একটি নতুন পিঁপড়ের প্রজাতি আবিষ্কার করলেন বিজ্ঞানীরা। 'গড়ভাঙ্গা রিজার্ভ ফরেস্ট'এ এটি আবিষ্কৃত হওয়ায়, তার নামানুসারে এই প্রজাতির নামকরণ করা হয়েছে। এটি বিরল 'মিউক্রোনাটা' কাঁটাযুক্ত পিঁপড়ের গোষ্ঠীর অন্তর্গত। ভারতে রেকর্ড করা এই ধরনের পিঁপড়ের তৃতীয় প্রজাতি এটি। এই পিঁপড়ের পেট উজ্জ্বল হলুদ-কমলা রঙের, যার শরীরে বাঁকা কাঁটা রয়েছে। এই কাঁটাগুলি সম্ভবত তাদের শিকারীদের হাত থেকে রক্ষা করতে ও বন্য অঞ্চলে বেঁচে থাকতে সাহায্য করে।

১২ ফেব্রুয়ারি : মুম্বইয়ে তৈরি হল ভারতের প্রথম 'সাঙ্গীতিক রাস্তা'। এই রাস্তায় ৭০-৮০ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে গাড়ি চললেই রাস্তায় বেজে উঠবে 'অস্কার' জয়ী চলচ্চিত্র 'স্লামডগ মিলিওনেয়র'এর জনপ্রিয় গান এ.আর.রহমানের সুর করা 'জয় হো'। মুম্বইয়ের কোস্টাল রোডে এই অভিনব রাস্তার উদ্বোধন করেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ। হাঙ্গেরীয় প্রযুক্তিতে তৈরি এই সাঙ্গীতিক রাস্তাটি কোস্টাল রোড টানেল পেরোনোর ঠিক পরেই নরিম্যান পয়েন্ট থেকে ওরলিগামী লেনে অবস্থিত। রাস্তার ওপরে ৫০০ মিটার অংশ জুড়ে নির্দিষ্ট মাপে কিছু খাঁজ কাটা হয়েছে। এর ওপর দিয়ে ওই নির্দিষ্ট গতিতে গাড়ি চললেই টায়ারের ঘর্ষণে তৈরি হবে এক বিশেষ কম্পন, যা পথচারীদের কানে 'জয় হো' গানের সুর হিসাবে ধরা দেবে। ৬.২১ কোটি টাকা খরচে এই প্রকল্পটি চালু করেছে 'বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন'।


এবছর 'ন্যাশনাল জিওগ্রাফিক'এর ক্যালেন্ডারে স্থান পেলেন চেন্নাইয়ের ফটোগ্রাফার রম্যা শ্রীরাম। কেরলের সাংস্কৃতিক অনুষ্ঠান 'কান্দানার কেলান থেয়াম'এর অগ্নিগর্ভের তীব্রতা ধারণ করে তোলা একটি অসাধারণ ছবির জন্য, ২০২৫ সালের 'ন্যাট জিও ইন্ডিয়া ওয়ার্ল্ডওয়াইড কনটেস্ট' পুরস্কার জিতে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। পুরস্কারপ্রাপ্ত এই ছবিটি 'কান্দানার কেলান থেয়াম'এর তীব্রতা ও আধ্যাত্মিক শক্তিকে ধারণ করে। এই ছবিটির মাধ্যমে ভারতের সমৃদ্ধ ঐতিহ্যকে ধারণ করেছেন তিনি। 'ন্যাশনাল জিওগ্রাফিক' এই 'ন্যাট জিও ইন্ডিয়া ওয়ার্ল্ডওয়াইড কনটেস্ট'এর আয়োজন করে।

১৩ ফেব্রুয়ারি : 'ইউএস-ইন্ডিয়া স্ট্র্যাটেজিক পার্টনারশিপ ফোরাম'এর গ্লোবাল ভ্যালু চেইন কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন রোহিত কুমার সিং।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'চ্যাং-ক্র্যান্ডাল হিউম্যানিটেরিয়ান অ্যাওয়ার্ড'এর জন্য নির্বাচিত হলেন পুদুচেরির দুই প্রবীণ চক্ষু বিশেষজ্ঞ তথা 'অরবিন্দ আই কেয়ার সিস্টেম'এর ড.হরিপ্রিয়া অরবিন্দ ও ড.আর.ভেঙ্কটেশ। ছানিজনিত অন্ধত্বের বিরুদ্ধে লড়াই আর সাশ্রয়ী মূল্যের চোখের চিকিৎসার সুযোগ উন্নত করার ক্ষেত্রে অসামান্য সেবার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেয়েছেন তাঁরা। ১১ এপ্রিল, ওয়াশিংটন ডিসিতে 'আমেরিকান সোসাইটি অফ ক্যাটার‍্যাক্ট অ্যান্ড রিফ্র্যাক্টিভ সার্জারি' ফাউন্ডেশন সম্মেলনে তাঁদের এই পুরস্কার দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ডেভিড ও ভিক্টোরিয়া চ্যাং'এর অনুদানের মাধ্যমে ২০১৭ সালে এই পুরস্কার চালু করা হয়।

❑ সম্পত্তির বিবরণের তাৎক্ষণিক ডিজিটাল যাচাইকরণ নিশ্চিত করতে জমির মালিকানার নথিতে কিউআর কোড চালু করছে ওড়িশা সরকার। এই নতুন ব্যবস্থার অর্থ হল, এখন কেউ মাত্র একটি স্মার্টফোন ব্যবহার করে কয়েক সেকেন্ডের মধ্যেই ওড়িশায় জমির বিবরণ যাচাই করতে ও জমির রেকর্ড অ্যাক্সেস করতে পারবেন। এই সিস্টেমটি ব্যবহার করা খুবই সহজ ও সম্পূর্ণ নিরাপদ। প্রতিটি নতুন জমির পাট্টা বা নথিতে একটি ইউনিক কিউআর কোড থাকবে। এই কোডটি স্ক্যান করলে সেই জমির প্রতিটি বিবরণ দেখা যাবে। এই উদ্যোগের লক্ষ্য হল, রাজ্য জুড়ে স্বচ্ছতা বাড়ানো, জালিয়াতি রোধ ও সম্পত্তি লেনদেনকে সুগম করা।

❑ 'বর্ষসেরা তেল ও গ্যাস উৎপাদন কোম্পানি'র জন্য, ২০২৫ সালে 'এফআইপি পুরস্কার' পেল 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'। এই পুরস্কারটি ভারতের জ্বালানি নিরাপত্তায় কোম্পানির শক্তিশালী কর্মক্ষমতা ও অবদানের স্বীকৃতি। এবছর গোয়ায়, 'ইন্ডিয়া এনার্জি উইক'এ তাদের এই সম্মান দিয়েছে 'ফেডারেশন অফ ইন্ডিয়ান পেট্রোলিয়াম ইন্ডাস্ট্রি'।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে নিজস্ব অর্থনৈতিক সমীক্ষা উপস্থাপন করল উত্তর প্রদেশ সরকার, যেখানে দ্রুত উন্নয়ন ও শিল্পায়নের কথা তুলে ধরা হয়েছে। এই সমীক্ষায় দেখা গেছে, জাতীয় অর্থনীতিতে রাজ্যের অবদান ২০১৬-'১৭ সালে ৮.৬% থেকে বেড়ে ২০২৪-'২৫ সালে ৯.১% হয়েছে। উত্তর প্রদেশের মোট রাজ্য দেশজ উৎপাদন গড়ে বার্ষিক ১০.৮% হারে বেড়েছে, যা ২০১৬-'১৭ সালে ১৩.৩০ লাখ কোটি টাকা থেকে বেড়ে ২০২৪-'২৫ সালে ৩০.২৫ লাখ কোটি টাকায় পৌঁছেছে আর তা ২০২৫-'২৬ সালে ৩৬ লাখ কোটি টাকায় পৌঁছানোর সম্ভাবনা আছে।

১৪ ফেব্রুয়ারি : 'জিফট সিটি'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন উদয় কোটাক।

■ এরপর ১১ পাতায়

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। ফিউজ তারে কোন ধাতুর পরিমাণ বেশি থাকে — সীসা (ফর্মুলা - Pb, পারমাণবিক সংখ্যা - 82)।

২। 'পিচব্লেন্ড' কোন মৌলের আকরিক — তেজস্ক্রিয় মৌল ইউরেনিয়াম (ফর্মুলা - U, পারমাণবিক সংখ্যা - 92)।

৩। অ্যামাইনো অ্যাসিডের মিশ্রণকে উত্তপ্ত করলে বিভিন্ন প্রকার প্রোটিন তৈরি হয়, এদেরকে কী বলে — প্রোটিনয়েড।

৪। নির্দিষ্ট সময়ে প্রাপ্ত অথবা কোনো সুনির্দিষ্ট জন্তুর পপুলেশনে প্রাপ্ত সামগ্রিক জিনসমূহকে বলে — জিন পুল।

৫। বয়েলের পরীক্ষার জন্য প্রয়োজনীয় বায়ু-পাম্প তৈরি করেন — রবার্ট হুক।

৬। আপেক্ষিক তত্ত্ব দিয়েছেন — অ্যালবার্ট আইনস্টাইন (১৯০৫ সালে)।

৭। ধাতব পরিবাহীতে তড়িতের বাহক কী — মুক্ত ইলেক্ট্রন।

## ইতিহাস

৮। ১৯২৫ সালের 'কানপুর অধিবেশন'এ ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতিত্বকারী প্রথম ভারতীয় মহিলা প্রেসিডেন্ট ছিলেন — সরোজিনী নাইডু (তিনি 'ভারতের নাইটিঙ্গেল' নামেও পরিচিত)।

৯। 'খেদা সত্যাগ্রহ' কবে সংঘটিত হয় — ১৯১৮ সাল (মহাত্মা গান্ধী গুজরাতের খেদা জেলায় এটি শুরু করেন)।

১০। 'সদর দিওয়ানি আদালত' প্রতিষ্ঠা করেন — ওয়ারেন হেস্টিংস (১৭৭২ সালে)।

১১। কোন ইঙ্গ-মহীশূর যুদ্ধে টিপু সুলতানের মৃত্যু হয় — চতুর্থ (১৭৯৯ সালে মারা যান তিনি)।

১২। বিশ্বের প্রথম তৈলচিত্র কোন দেশে পাওয়া গেছে — আফগান-ই-স্তান।

১৩। জৈন ধর্মের প্রথম তীর্থঙ্কর ছিলেন — ঋষভদেব।

১৪। কোন সন্ধির মাধ্যমে, ইংরেজরা 'পেশোয়া' পদ লোপ করে — পুনার সন্ধি।

১৫। 'লোকহিতবাদী' কার ছদ্মনাম — গোপালহরি দেশমুখ।

## ভূগোল

১৬। পশ্চিমবঙ্গে বাগিচা কৃষি কোন জেলার বৈশিষ্ট্য — দার্জিলিং।

১৭। ভারতের প্রথম উপকূল-ভিত্তিক, আধুনিক, সমন্বিত ইস্পাত কারখানা কোনটি — বিশাখাপত্তনম।

১৮। ভারতের কোন রাজ্যের আয়তন সবথেকে বেশি — রাজস্থান (৩,৪২,২৩৯ বর্গ কিলোমিটার)।

১৯। ভারতে ক'টি প্রধান জৈব-ভৌগোলিক অঞ্চল রয়েছে — ১০টি (ট্রান্স হিমালয়, হিমালয়, মরুভূমি, আধা-শুষ্ক, পশ্চিমঘাট, দাক্ষিণাত্যের মালভূমি, গাঙ্গেয় সমভূমি, উত্তর পূর্ব অঞ্চল, উপকূলীয় অঞ্চল ও উপকূলের কাছাকাছি দ্বীপপুঞ্জ)।

২০। ওএনজিসি'র আন্তর্জাতিক শাখা কোন নামে পরিচিত — ওএনজিসি বিদেশ লিমিটেড।

২১। 'মাচকুণ্ড প্রকল্প'টি কোন দুই রাজ্যের একটি যৌথ উদ্যোগ — ওড়িশা ও আন্ধ্রা প্রদেশ (এটি একটি জলবিদ্যুৎ প্রকল্প)।

২২। ভারতের প্রথম টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কোন রাজ্যে স্থাপিত হবে — গুজরাত (সুরাত)।

## অর্থনীতি

২৩। পশ্চিম এশিয়ায় ক্রমবর্ধমান ভূ-রাজনৈতিক উত্তেজনা ও জ্বালানি খরচ বাড়ার কারণে, 'মর্গ্যান স্ট্যানলি' ভারতের ২০২৭ আর্থিক বছরের জিডিপি বৃদ্ধির পূর্বাভাস ৬.৫% থেকে কমিয়ে কত শতাংশে নামিয়ে এনেছে — ৬.২%।

২৪। 'জিএসএমএ ইন্টেলিজেন্স'এর তথ্য অনুযায়ী, 'ভারতী এয়ারটেল' এখন বিশ্বের কত তম টেলিকম অপারেটর — দ্বিতীয় (বিশ্বজুড়ে ৬৫০ মিলিয়ন গ্রাহকের মাইলফলক অতিক্রম করে এই সাফল্য অর্জন করেছে তারা)।

২৫। প্রথমবারের মতো মোট বৈশ্বিক ব্যবসার (আমানত+ঋণ বিতরণ) পরিমাণ ৩০ লাখ কোটি টাকা অতিক্রম করে একটি বিশাল মাইলফলক স্পর্শ করল কোন ব্যাঙ্ক — ব্যাঙ্ক অফ বরোদা (এবছরের মার্চ নাগাদ এই পরিমাণ ৩০.৭৮ লাখ কোটি টাকায় পৌঁছেছে)।

২৬। ২০২৫-'২৬ আর্থিক বছরে মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে ভারতের বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে পরিণত হল কোন দেশ — চিন (কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের তথ্য অনুযায়ী, দুই দেশের মধ্যে মোট দ্বিপাক্ষিক বাণিজ্য ১৫১.১ বিলিয়ন ডলারে পৌঁছেছে)।

২৭। 'ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র'র এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সুশান্ত কুমার মোহান্তি।

## সাম্প্রতিক ঘটনা

২৮। বিশ্বের প্রথম দেশ হিসাবে, বিশ্বব্যাপী গ্রীষ্মমণ্ডলীয় বন সংরক্ষণের জন্য একটি বহুপাক্ষিক তহবিল 'ট্রপিক্যাল ফরেস্টস ফরএভার ফ্যাসিলিটি'তে বিনিয়োগ করতে চলেছে কারা — ব্রাজিল।

২৯। ২০২৫ সালের 'সরস্বতী সম্মান'এর জন্য নির্বাচিত হলেন কে —



প্রখ্যাত বাঙালি লেখক রামকুমার মুখোপাধ্যায় ('হর পার্বতী কথা' উপন্যাসের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৩০। এবছর 'বিশ্ব যুব সংসদ'এ ভারতের প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত হলেন কে — সিকিমের তরুণ নেত্রী ও আইনের ছাত্রী স্বতি প্রধান।

৩১। কোন রাজ্যের ঐতিহাসিক 'কালিঞ্জর দুর্গ' ও তার চারপাশের পাহাড়ি এলাকাকে 'ন্যাশনাল জিও-হেরিটেজ সাইট' হিসাবে ঘোষণা করল 'জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া' — উত্তর প্রদেশ।

৩২। ভারতের ইতিহাসে দীর্ঘতম সময় ধরে সবকারের প্রধান হিসাবে দায়িত্বপালনকারী ব্যক্তি হিসাবে নয়া নজির গড়লেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩৩। তাইল্যান্ডের প্রধানমন্ত্রী এখন কে — অনুতিন চার্নভিরাকুল।

৩৪। গুজরাত ও মহারাষ্ট্রকে ছাড়িয়ে, ভারতের বস্ত্র রফতানিতে শীর্ষ স্থানে রয়েছে কোন রাজ্য — তামিলনাড়ু (২০২৪-'২৫ সালে ৭,৯৯৭.১৭ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের বস্ত্র রফতানি করে ভারতের শীর্ষ বস্ত্র রফতানিকারক রাজ্যে পরিণত হয়েছে তামিলনাড়ু)।

৩৫। রাজ্য জুড়ে বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের জন্য বিনামূল্যে বাস ভ্রমণের সুবিধা দিতে, 'দিব্যাঙ্গ শক্তি' প্রকল্প চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৩৬। এবছর প্রথম 'ভারত ইলেক্ট্রিসিটি সামিট' কোথায় হয়েছে — নয়াদিল্লি।

৩৭। এবছর 'ইনস্টিটিউট ফর ইকনমিক্স অ্যান্ড পিস'এর তরফ থেকে প্রকাশিত 'বিশ্ব সন্ত্রাস সূচক' তালিকায় শীর্ষ স্থান পেল কোন দেশ — পাক-ই-স্তান (রিপোর্ট অনুযায়ী, ২০২৫ সালে দেশটিতে মোট ১,০৪৫টি জঙ্গিহানার ঘটনায় ১,১৩৯ জনের মৃত্যু হয়েছে)।

৩৮। 'বিশ্ব হিমবাহ দিবস' কবে পালিত হয় — ২১ মার্চ।

৩৯। 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড'এর ডিরেক্টর (কমার্শিয়াল) হিসাবে দায়িত্ব নিলেন কে — টি.এন.নটরাজন।

৪০। কোথায় ভারতের প্রথম ২৪ ঘন্টা খোলা থাকা এলপিজি এটিএম চালু করল 'ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড' — হরিয়ানার গুরুগ্রাম।

৪১। পশ্চিমবঙ্গের নতুন ডিজিপি হিসাবে নিযুক্ত হলেন কে — সিদ্ধনাথ গুপ্তা।



৪২। প্রথম ভারতীয় খনি কোম্পানি হিসাবে, একটি একক আর্থিক বছরে (২০২৫-'২৬) ৫০ মিলিয়ন টন আকরিক লোহা উৎপাদন করে নজির গড়ল কারা — ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন।

৪৩। 'ন্যাশনাল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — সাধ্বী নিরঞ্জন জ্যোতি।

৪৪। 'বিশ্বশান্তিতে অবদানের জন্য গ্র্যান্ড প্রাইজ' পেলেন কে — তেলেঙ্গানার পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী জুপালি কৃষ্ণ রাও।

৪৫। ভারতীয় সেনাবাহিনীকে ২,০০০টি 'প্রহর' লাইট মেশিনগানের প্রথম ব্যাচ হস্তান্তর করল কোন সংস্থা — আদানি ডিফেন্স অ্যান্ড অ্যারোস্পেস।

৪৬। প্রায় এক দশক পর, কোন অঞ্চলে গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড পাখির ছানার জন্ম হল, যা বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে এক ঐতিহাসিক সাফল্য — গুজরাতের কচ্ছ।

৪৭। মার্চ থেকে ট্রেকিংয়ের নিয়মে বড় ধরনের বদল আনল কোন দেশ — নেপাল (নতুন নিয়ম অনুযায়ী, এখন থেকে সোলো বা একক পর্যটকরাও সংরক্ষিত এলাকায় ট্রেকিংয়ের অনুমতি পাবেন)।

৪৮। গুগল ডিপমাইন্ড'এর চিফ স্ট্র্যাটেজি অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — জসজিৎ সেখন।

৪৯। বিশ্ব জুড়ে যুদ্ধে ড্রোনের ক্রমবর্ধমান ভূমিকার পরিপ্রেক্ষিতে, দেশের প্রথম হেলিকপ্টার থেকে লঞ্চ হওয়া ড্রোন প্রকল্প 'বায়ুবাণ'এর জন্য কাজ শুরু করল কারা — ভারতীয় বায়ুসেনা।

৫০। জনসচেতনতা ও জনঅংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে, ২০২৭ সালের জাতীয় জনগণনার প্রচারদূত হিসাবে কাকে নিয়োগ করল কেন্দ্রীয় সরকার — আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বালুশিল্পী সুদর্শন পট্টনায়েক।

৫১। জ্বালানি সংকট মেটাতে ও রান্নার গ্যাসের জোগান সুনিশ্চিত করতে, দেশের মোট ক'টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে গণবন্টন ব্যবস্থার আওতায় উচ্চমানের কেরোসিন তেল বিতরণের অনুমতি দিয়ে একটি গেজেট বিজ্ঞপ্তি জারি করল কেন্দ্রীয় সরকার — ২১টি।

৫২। 'ওপনএআই' কোম্পানির এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — কিরণ মণি।

৫৩। সম্প্রতি প্রয়াত চন্দ্রিকাপ্রসাদ সান্তোখি (৬৭ বছর) কোন দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ছিলেন — সুরিনাম (৩০ মার্চ মারা যান তিনি)।

৫৪। আন্ধ্রা প্রদেশের একমাত্র রাজধানী কোনটি — অমরাবতী।

৫৫। ভারতের প্রথম কোয়ান্টাম কম্পিউটার কোথায় চালু হয়েছে — আন্ধ্রা প্রদেশের অমরাবতী।

৫৬। 'ইন্ডিগো'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — উইলি ওয়ালশ।

৫৭। 'ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — বীর বিক্রম যাদব।

৫৮। গুজরাতের সানন্দে, 'কেইন্স টেকনোলজি'র একটি সেমিকন্ডাক্টর উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫৯। নেপালের স্বাস্থ্য ও জনসংখ্যা মন্ত্রী হিসাবে শপথ নিলেন কে — 'এইমস' নয়া দিল্লির প্রাক্তন ছাত্রী নিশা মেহতা।

৬০। পুণের 'বায়োটেকনোলজি রিসার্চ ইনোভেশন কাউন্সিল - ন্যাশনাল সেন্টার ফর সেল সায়েন্স'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ড.থমাস পুকাডিয়িল।

৬১। রূপনগর জেলার নাঙ্গাল শহরে সুতলেজ হ্রদের ওপর একটি কাঁচের সেতু তৈরির সিদ্ধান্ত নিল কোন রাজ্য — পঞ্জাব।

৬২। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' থেকে নিজেদের নাম প্রত্যাহার করে নিল কোন দেশ — আর্জেন্তিনা।

৬৩। 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' কবে পালিত হয় — ২ এপ্রিল।

৬৪। ভারতীয় সেনাবাহিনীর নতুন উপ-প্রধান হিসাবে দায়িত্ব নিলেন কে — লেফটেন্যান্ট জেনারেল ধীরাজ শেঠ।

৬৫। মানুষকে বিষধর সাপ শনাক্ত করতে সহায়তা করার লক্ষ্যে ও জনসচেতনতা বাড়াতে 'ICP' মোবাইল অ্যাপ্লিকেশন চালু করল কোন দেশ — কোস্টারিকা।

৬৬। 'বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন'এর প্রথম মহিলা মিউনিসিপ্যাল কমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — অশ্বিনী ভিড়ে।

৬৭। তাঁতিদের জন্য বিনামূল্যে বিদ্যুৎ প্রকল্প চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৬৮। মঙ্গোলিয়ার প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন কে — উচরাল নিয়াম-ওসর।

৬৯। ২০২৫ সালে 'দীনদয়াল উপাধ্যায় ও নানাজি দেশমুখ পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার' পেল ভারতের কোন রাজ্যের তিনটি পঞ্চায়েত — ত্রিপুরা ('দেশের সেরা জেলা পঞ্চায়েত'এর সম্মান পেল রাজ্যের সিপাহীজলা জেলা। অন্যদিকে, 'স্বাস্থ্য-বান্ধব' বিভাগে শীর্ষস্থান পেল রাজ্যের কাঞ্চাবাড়ি গ্রাম পঞ্চায়েত। এছাড়া, 'মহিলা-বান্ধব' বিভাগে তৃতীয় স্থান পেল বৈকুণ্ঠপুর গ্রাম পঞ্চায়েত)।

৭০। ভারতে টাইপ-২ ডায়াবেটিস ও স্থূলতার চিকিৎসার জন্য সাশ্রয়ী মূল্যের 'সেমাগ্লুটাইড' ইঞ্জেকশন চালু করল কোন সংস্থা — জাইডাস লাইফসায়েন্সেস।

৭১। এবছর 'নরওয়েজিয়ান আকাদেমি অফ সায়েন্স অ্যান্ড লেটারস'এর তরফ থেকে, 'অ্যাবেল পুরস্কার' পাচ্ছেন কে — জার্মান গণিতবিদ গের্ড ফ্যাল্টিংস (সংখ্যাসূচক জ্যামিতি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৭২। এবছর প্রথম 'বিশ্ব বৌদ্ধ শান্তি সম্মেলন' কোথায় হয়েছে — তেলেঙ্গানার হায়দরাবাদ (২৭-২৯ মার্চ)।

৭৩। মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম দফতরের চিফ ইনফর্মেশন অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — ভারতীয় বংশোদ্ভূত প্রযুক্তি বিশেষজ্ঞ মঙ্গলা কুপ্পা।

৭৪। 'পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ধুরা ভামসি রমা মোহন।

৭৫। লাদাখে 'মিশন মিত্র' উদ্যোগ চালু করল কোন সংস্থা — ইসরো ('গগনযান' প্রকল্পের অংশ হিসাবে চালু হওয়া, এই বিশেষ মিশনের লক্ষ্য হল মহাকাশচারীদের সুরক্ষা ব্যবস্থা আরও শক্তিশালী করা ও বাস্তব পরিস্থিতিতে তা পরীক্ষা করা)।

৭৬। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব হিসাবে দায়িত্ব নিলেন কে — চঞ্চল কুমার।

৭৭। মায়ানমারের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — মিন অং হ্লাইং।

## খেলাধূলা

৭৮। এবছর 'দক্ষিণ এশীয় যুব টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ' কোথায় হয়েছে — সিমলা।

৭৯। এবছর 'আইএসএসএফ বিশ্বকাপ গ্রানাডা'য় ১০ মিটার এয়ার পিস্তল মিশ্র দলগত বিভাগে সোনার পদক পেল কোন দল — ভারত।

৮০। সম্প্রতি প্রয়াত গিলবার্টসন সাংমা (৭১ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত



ছিলেন — ফুটবল।

৮১। 'আন্তর্জাতিক দাবা ফেডারেশন'এর লেটেস্ট রেটিং তালিকা অনুযায়ী, যুক্তরাজ্যের মহিলা দাবাড়ুদের মধ্যে নাম্বার ১ হলেন কে — ১১ বছর বয়সি ভারতীয় বংশোদ্ভূত বোধনা শিবানন্দন (তাঁর ফিডে রেটিং এখন ২,৩৬৬)।

৮২। সম্প্রতি অবসর নেওয়া রাসি ভ্যান ডার ডুসেন কোন খেলার সঙ্গে যুক্ত — ক্রিকেট।

৮৩। এবছর ব্যাঙ্ককে 'ওয়ার্ল্ড প্যারা আর্চারি সিরিজ'এ মহিলাদের কম্পাউন্ড বিভাগে সোনার পদক পেলেন কে — ওড়িশার ১৮ বছর বয়সি তিরন্দাজ পায়েল নাগ (শীতল দেবী'কে ১৩৯-১৩৬ ব্যবধানে হারিয়ে)।

৮৪। এবছর লুধিয়ানায় 'মহিলাদের ৯-বল পুল জাতীয় চ্যাম্পিয়নশিপ' জিতলেন কে — কর্ণাটকের চিত্রা মাগিমাইরাজ (মধ্য প্রদেশের ইশিকা শাহ'কে ৭-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৫। এবছর সপ্তম 'জাতীয় সাব-জুনিয়র (অনূর্ধ্ব-১৭) বক্সিং চ্যাম্পিয়নশিপ' কোথায় হয়েছে — নাগপুর।

৮৬। সম্প্রতি অবসর ঘোষণাকারী গুরজন্ত সিং কোন খেলার সঙ্গে যুক্ত — হকি।

সঙ্কলক : পলি দেওয়ান

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## ডাকবিভাগের

■ *ভারতীয় ডাকবিভাগের গ্রামীণ ডাক সেবক পদের প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এটি কি সরকারি চাকরি? শুরুতে মাইনে কত? — শর্মিষ্ঠা বিশ্বাস, বাদু, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ গ্রামীণ ডাক সেবক পদে ডাক সেবক, ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে লোক নেওয়া হয়। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছর। প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রার্থীকেই মেরিট লিস্টে আনা হয়। যার নম্বর বেশি, তার সুযোগও বেশি। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ নেই কিংবা স্কিল টেস্টও নেই। যদি একই নম্বর একাধিক ব্যক্তির হয়, তাহলে বেশি বয়সের প্রার্থীকেই প্রেফারেন্স দেওয়া হবে। এটি সরকারি চাকরি হলেও রেগুলার ডিপার্টমেন্টাল প্রার্থীদের মতো নয়। মাইনে ব্রাঞ্চ পোস্ট মাস্টারদের বেলায় ১২ থেকে ২৯ হাজার টাকা আর অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও ডাক সেবক পদের বেলায় ১০ থেকে ২৪ হাজার টাকা। প্রতি বছর ইনক্রিমেন্ট হয়। এই পদে চাকরি পেলে ইন্টারন্যাল পরীক্ষা দিয়ে পোস্টম্যান বা, এম.টি.এস. হতে পারবেন। অন্যান্য সুবিধা ও ভাতা থাকলেও পেনশন নেই।

## পুলিশে চাকরির

■ *সিভিক পুলিশে চাকরির বয়সসীমা কত? — সন্দীপ পান্ডা।*

■■ সিভিক ভলান্টিয়ার পদের বেলায় বয়স হতে হয় ২০ থেকে ৬০ বছরের মধ্যে।

■ *কলকাতা পুলিশে কনস্টেবল পদে মেয়েদের বেলায় দৌড়, লং জাম্প ও হাই জাম্প কেমন থাকে? — চিত্রা মোদক, আমোদপুর, বীরভূম।*

■■ শারীরিক সক্ষমতার পরীক্ষায় মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। কলকাতা পুলিশে মহিলা কনস্টেবল পদের বেলায় লং জাম্প ও হাই জাম্প নেই।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না-পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কলেজে সহকারী অধ্যাপক | মাস্টার ডিগ্রি | - | ১৫-৫-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| ITBP-তে ট্রেডসম্যান, দরখাস্ত নেওয়া শুরু | ITI বি.এড | ১০ | ২১-৫-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| অসম রাইফেলসে রাইফেলম্যান | মাধ্যমিক | ৯৫ | ১১-৫-২৬ | www.assamrifles.gov.in |
| SSC-এর Phase-XIV-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, অফিসার | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ডিগ্রি | ৩,০০৩ | ৪-৫-২৬ | www.ssc.gov.in |
| সরকারি প্রেসে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ITI | ৪৩১ | ১৩-৫-২৬ | https://cnpnashik.spmcil.com |
| প্রতিরক্ষা সংস্থায় চাকরি | ITI | ৪০০ | ৩০-৪-২৬ | https://munitionsindia.co.in |
| পটনা হাই কোর্টে স্টেনো | ডিপ্লোমা | ৫৩ | ৩০-৪-২৬ | http://patnahighcourt.bih.nic.in |
| DRDO-তে অ্যাপ্রেন্টিস | ITI, ডিপ্লোমা | ৩৮ | ৩০-৪-২৬ | www.mhrdnats.gov.in |
| কোলফিল্ডে সার্ভেয়র | মাধ্যমিক, ডিপ্লোমা | ১,০৫৫ | ১৪-৫-২৬ | https://secl-cil.in |
| CRPF-এ কনস্টেবল ট্রেডসম্যান | মাধ্যমিক ITI | ৯,১৭৫ | ১৯-৫-২৬ | www.rect.crpf.gov.in |
| NPCIL-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট ও গেট পাশ | ৩৩০ | ৩০-৪-২৬ | www.npcilcareers.co.in |
| IRFC-তে অ্যাসিস্ট্যান্ট | CA, Cost Acc | ২৩ | ১-৫-২৬ | www.irfc.co.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৮৯ | - | www.bro.gov.in |
| নর্দার্ন কোলফিল্ডে অপারেটর ট্রেনি | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৫৭৭ | ১-৫-২৬ | www.nclcil.in |
| Power Grid Corp-এ ডিপ্লোমা ট্রেনি | ডিপ্লোমা ও আই.টি.আই. | ৬৬৮ | ১১-৫-২৬ | www.powergrid.in |
| পটনা হাই কোর্টে কম্পিউটার অপারেটর | গ্র্যাজুয়েট | ৪৭ | ১৬-৫-২৬ | https://patnahighcourt.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে জুনি. ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ১১ | ৬-৫-২৬ | www.rbi.org.in |
| NPCIL-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট ও গেট পাশ | ৩৩০ | ৩০-৪-২৬ | www.npcilcareers.co.in |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, ITI | ৮২৭ | ৪-৫-২৬ | https://recruitment.ssb.gov.in |

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণির বাংলা বিষয়ের সার্টিফিকেট ভেরিফিকেশন কবে হবে? — রহিদুল সেখ, সূত্রাগড়, কুঠির হাট, শান্তিপুর, নদিয়া।*

■■ খুব শিগগিরই সার্টিফিকেট ভেরিফিকেশন শুরু হবে।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ক্লার্ক পদের বেলায় ও.এম.আর. শীটে আমার কোয়েশ্চেন পেপারে সেট 'এ'এর বদলে 'সি' লিখেছি। এজন্য অসুবিধা হবে কি? — রোহিত সাধুখাঁ, দত্তফুলিয়া, নদিয়া।*

■■ উত্তরপত্র কম্পিউটার স্ক্যানারের মাধ্যমে দেখা হয়। সেক্ষেত্রে কম্পিউটারে রিড করতে অসুবিধা হলে উত্তরপত্র বাতিল হতে পারে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপ মেনস'এ সফল হলে যে টাইপিং টেস্ট হয়, তাতে কী কী বিষয় দেখা হয়? হাতে লেখা বা, প্রিন্টিং করা ম্যাটার থাকে? ম্যাটার কোন ভাষায় থাকে? ক'টি ভুল হলে অসুবিধা হয় না? টাইপিং টেস্ট কবে হবে? — সম্রাট চৌধুরী, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। বিপ্রশীস পোদ্দার, খয়রামারি কলেজ মোড়, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

■■ ক্লার্কশিপ পরীক্ষার টাইপিং টেস্টে সাধারণত ইংরিজিতে ম্যাটার দেওয়া হয়, বাংলায় ম্যাটার দেওয়া হয় না। স্ক্রিনে একটি প্যাসেজ দেওয়া হয়। সেটি দেখে নির্দিষ্ট সময়ের মধ্যে টাইপ করতে হয়। ন্যূনতম ৫টি ভুল হলে অসুবিধা হয় না। মূলত দেখা হয় প্রতি মিনিটে কত স্পিড আছে, অ্যাকিউরেসি মানে ভুলের সংখ্যা ইত্যাদি। কোন সফটওয়্যারে টাইপিং টেস্ট হবে তা আগে জানানো হয় না। সাধারণত টাইপিং মাস্টারের মতো টাইপিং সফটওয়্যার দেওয়া হয়। বাড়িতে কীবোর্ড না দেখে টাইপিং প্র্যাক্টিস করুন। দেখুন কতগুলি ভুল হচ্ছে। সাধারণত মেনস পরীক্ষার ফল বেরোনোর দু'মাসের মধ্যে টাইপিং টেস্ট হয়।

## 'সি-টেট'এর

■ *'সি-টেট' পরীক্ষা বছরে ক'বার কখন হয়? এই পরীক্ষায় একবার পাশ করলে তার বৈধতা কতদিন থাকে? কোন কোন দফতরে চাকরি পাওয়া যায়? এই পরীক্ষার জন্য শিক্ষাগত যোগ্যতা কী লাগে? — স্বপন বাসু, বাসুদেবপুর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় ও তিব্বতী স্কুলের প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্তরে 'শিক্ষক' ও 'শিক্ষিকা' পদের জন্য 'সি-টেট' পাশ হওয়া বাধ্যতামূলক। এই পরীক্ষা প্রতি বছর দু'বার নেওয়া হয়। প্রথমটি নেওয়া হয় জুলাই-আগস্টে। বিজ্ঞপ্তি বেরোয় মে মাস নাগাদ। দ্বিতীয় পরীক্ষা হয় ডিসেম্বর-জানুয়ারি মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোয় নভেম্বর মাস নাগাদ। 'সি-টেট' একবার পাশ করলে তার বৈধতা সারাজীবন থাকে। প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার-৩০ নম্বরের ৩০টি, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি, (৫) এনভায়রনমেন্টাল স্টাডিজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে)-৬০ নম্বরের ৬০টি প্রশ্ন,/(৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন।

## রেলে চাকরির

■ *রেলে গ্রুপ-ডি পদের বেলায় প্রার্থী বাছাই পরীক্ষা পদ্ধতি জানাবেন। — সায়ক বিশ্বাস, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের গ্রুপ-ডি পদের বেলায় কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স)-২০টি, (২) অঙ্ক-২৫টি, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০টি, (৪) জেনারেল সায়েন্স-২৫টি। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচি, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। পরীক্ষার ই-কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (একবার সুযোগ পাবেন), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (একবার সুযোগ পাবেন), (খ) ৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

■ *আর.পি.এফ.'এর কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে? — দিব্যা দেবনাথ, নবদ্বীপ, নদিয়া।*

■■ হ্যাঁ, বেরোবে।

## অন্যান্য চাকরির

■ *কৃষি প্রযুক্তি সহায়ক ও গ্রাম পঞ্চায়েত সহায়ক পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ কৃষি প্রযুক্তি সহায়ক পদে লোক নেওয়া হবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে। গ্রাম পঞ্চায়েত সহায়ক পদের বেলায় নিয়োগ হবে গ্রাম পঞ্চায়েত রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। দুই পদেরই বিজ্ঞপ্তি বেরোবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৭ এপ্রিল থেকে ৩০ মে | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| রেলের NTPC (UG) CBT-1 পরীক্ষা | ৭ মে থেকে ২১ জুন | www.rrbapply.gov.in |

# রেলের এন.টি.পি.সি

1. এবছর 'আনন্দ কেন্টিশ কুমারস্বামী বই পুরস্কার' পেলেন অধ্যাপিকা চারু গুপ্তা, তিনি কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা?
(A) কলকাতা বিশ্ববিদ্যালয় (B) মাদুরাই বিশ্ববিদ্যালয় (C) দিল্লি বিশ্ববিদ্যালয় (D) বর্ধমান বিশ্ববিদ্যালয়

2. চাঁদের ভূ-পৃষ্ঠকে বলা কী হয়?
(A) রেগোলিথ (B) ডেমোলিথ (C) সেলোলিথ (D) ফেমোলিথ

3. সূর্যের অন্বেষণে ইসরোর প্রথম অভিযান কোনটি?
(A) আদিত্য এল-1 (B) আদিত্য এল-2 (C) আদিত্য এল-3 (D) আদিত্য এল-4

4. এবছর 'গ্লোবাল সাউথ এআই ইমপ্যাক্ট সামিট' আয়োজন করছে কোন দেশ?
(A) চিন (B) জাপান (C) অস্ট্রেলিয়া (D) ভারত

5. 'হোয়াইট গোল্ড' বলা হয়—
(A) তামা (B) অ্যালুমিনিয়াম (C) লিথিয়াম (D) সিলভার

6. 'নির্বাচন কমিশন' সংক্রান্ত আলোচনা ভারতের সংবিধানের কত নম্বর ধারায় আছে?
(A) 265 নম্বর ধারা (B) 295 নম্বর ধারা (C) 315 নম্বর ধারা (D) 324 নম্বর ধারা

7. ভারতে প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়েছিল?
(A) 1950 (B) 1951 (C) 1955 (D) 1956

8. 'অপারেশন কাবেরী' কীসের সঙ্গে জড়িত?
(A) ইজরায়েলে আটক ভারতীয়দের উদ্ধার (B) সুদানে আটক ভারতীয়দের উদ্ধার (C) মিশরে আটক ভারতীয়দের উদ্ধার (D) নাইজেরিয়াতে আটক ভারতীয়দের উদ্ধার

9. শুক্রগ্রহের বায়ুমণ্ডলে প্রধান উপাদান হল—
(A) কার্বন-ডাই-অক্সাইড (B) মিথেন (C) নাইট্রোজেন (D) ওজোন

10. কারা প্রথম ভারতে স্বর্ণমুদ্রা প্রচলন করেন?
(A) শক (B) হুণ (C) চোল (D) ইন্দো-গ্রিক

11. কোন বিজ্ঞানী 'এ ব্রিফ হিস্ট্রি অফ টাইম' নামে একটি বই লিখেছেন?
(A) মেঘনাদ সাহা (B) এডওয়ার্ড জেনার (C) লুই পাস্তুর (D) স্টিফেন হকিং

12. কোনটিতে ক্যালসিয়াম সামগ্রী সর্বাধিক থাকে?
(A) জোয়ার (B) বাজরা (C) ভুট্টা (D) গম

13. পণ্ডিত রবিশঙ্কর কোন বাদ্যযন্ত্রের সঙ্গে জড়িত?
(A) সেতার (B) সরোদ (C) বাঁশি (D) তবলা

14. বিশ্ববিখ্যাত দৌড়বিদ উসেইন বোল্ট কোথাকার বাসিন্দা?
(A) জামাইকা (B) কঙ্গো (C) নাইজেরিয়া (D) কেনিয়া

15. 'ওনাম উৎসব' ভারতের কোন রাজ্যে পালিত হয়?
(A) কর্ণাটক (B) কেরলম (C) তামিলনাড়ু (D) গুজরাত

16. মানব হৃৎপিণ্ডের কোন প্রকোষ্ঠে অক্সিজেন সমৃদ্ধ রক্ত গৃহীত হয়?
(A) ডান অলিন্দ (B) ডান নিলয় (C) বাম অলিন্দ (D) বাম নিলয়

17. মানবদেহে ইউরিয়া উৎপন্ন হয়—
(A) কিডনীতে (B) পাকস্থলীতে (C) ক্ষুদ্রান্ত্রে (D) যকৃৎ

18. কোন গ্যাস তরল অবস্থায় শীতল করলে আয়তনে প্রসারিত হয়?
(A) তরল অ্যামোনিয়া (B) তরল হিলিয়াম (C) তরল হাইড্রোজেন (D) তরল অক্সিজেন

19. ফা-হিয়েন কোন রাজার রাজত্বকালে ভারতে আসেন?
(A) চন্দ্রগুপ্ত মৌর্য (B) বিন্দুসার (C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) বিম্বিসার

20. 'আগা খান কাপ' নীচের কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) হকি (B) ক্রিকেট (C) ফুটবল (D) টেবল টেনিস

21. 'ড. পি. রমা রাও কমিটি' নীচের কোনটির সঙ্গে জড়িত?
(A) কৃষিকাজ (B) শিল্প (C) কর (D) প্রতিরক্ষা

22. ভারতের শাসন ব্যবস্থা কোন দেশের অনুকরণে প্রণীত হয়েছে?
(A) রাশিয়া (B) সুইৎজারল্যান্ড (C) যুক্তরাজ্য (D) আয়ারল্যান্ড

23. ভারতের সংসদ গঠিত হয়েছে—
(A) লোকসভা ও রাজ্যসভাকে নিয়ে (B) রাষ্ট্রপতি, লোকসভা ও রাজ্যসভাকে নিয়ে (C) লোকসভা, স্পিকার ও প্রধানমন্ত্রীকে নিয়ে (D) লোকসভা, রাজ্যসভা ও প্রধানমন্ত্রীকে নিয়ে


24. বায়ুমাধ্যমে শব্দতরঙ্গ হল —
(A) তির্যক (B) সমবর্তন (C) তড়িৎ চুম্বকীয় (D) অনুদৈর্ঘ্য

25. সরল দোল গতিতে গতিশক্তি—
(A) কখনই শূন্য হয় না (B) প্রতি পর্যায় দুইবার শূন্য হয় (C) সাম্য অবস্থায় শূন্য হয় (D) সর্বদা সমান থাকে

26. নীচের মধ্যে কোনটি ধাতুর উদাহরণ নয়?

## RAIL Exam

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate – Advt. No. 7/2025) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,০৫০টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (CBT-I) হবে ৭, ৮ ও ৯ মে, ১৩ ও ১৪ জুন আর ১৬ থেকে ২১ জুন। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ বিজয় হালদার।

(A) প্ল্যাটিনাম (B) পারদ (C) নিকেল (D) সিলিকন

27. নোটবন্দির সময়ে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর ছিলেন কে?
(A) বিমল জালান (B) উর্জিত প্যাটেল (C) শক্তিকান্ত দাশ (D) রঘুরাম রাজন

28. কত সালের সংবিধান সংশোধনের ফলে সম্পত্তির অধিকার মৌলিক অধিকারের কর্তৃত্ব হারায়?
(A) 1976 (B) 1978 (C) 1985 (D) 2005

29. 2023 সালকে কোন আন্তর্জাতিক বছর হিসাবে পালন করা হয়?
(A) বার্লি (B) চাল (C) ভুট্টা (D) মিলেট

30. 'জাতীয় ভোটার দিবস' কবে পালন করা হয়?
(A) 10 জানুয়ারি (B) 15 জানুয়ারি (C) 20 জানুয়ারি (D) 25 জানুয়ারি

31. ভারতীয় নির্বাচন কমিশন কোন রাজ্যে 'মিশন 929' চালু করেছে?
(A) ত্রিপুরা (B) পশ্চিমবঙ্গ (C) অসম (D) মণিপুর

32. যামিনী রায় ছিলেন একজন বিখ্যাত —
(A) পরিচালক (B) লেখক (C) চিত্রশিল্পী (D) নর্তক

33. 'The Rediscovery of India' বিখ্যাত বইটির লেখক কে?
(A) মৃণাল পাণ্ডে (B) গুরুচরণ দাস (C) অরুন্ধতী রায় (D) মেঘনাদ দেশাই

34. মৃত্তিকা সংক্রান্ত বিদ্যাকে কী বলা হয়?
(A) অরনিথোলজি (B) পেডোলজি (C) সাইকোলজি (D) সিসমোলজি

35. 'World Wide Web'এর (WWW) আবিষ্কারক কে?
(A) বিল গেটস (B) বিনোদ ধাম (C) টিম বার্নার্স লি (D) এড ওয়ার্ড কাশন

36. 2011 সালের জনগণনা অনুযায়ী ভারতের সাক্ষরতার হার কত?
(A) 74.04% (B) 72.25% (C) 72.03% (D) 77%


37. 'কপিল ধারা জলপ্রপাত' কোন নদীতে অবস্থিত?
(A) কৃষ্ণা (B) চম্বল (C) শোন্ (D) নর্মদা

38. শিলং শহর কোন পর্বতে অবস্থিত?
(A) নাগা পর্বতে (B) গারো পর্বতে (C) খাসি পর্বতে (D) মিরিক পর্বতে

39. জোজিলা পাস কোন দু'টি স্থানকে যুক্ত করেছে?
(A) লে ও কার্গিল (B) নেপাল ও তিব্বত (C) লাদাখ ও শ্রীনগর (D) কাশ্মীর ও তিব্বত

40. সংবিধান সংশোধনের অধিকার হল—
(A) আইনগত অধিকার (B) সাংবিধানিক অধিকার (C) মৌলিক অধিকার (D) জন্মগত অধিকার

41. চিত্রে কতগুলি ত্রিভুজ আছে?



(A) 3 (B) 9 (C) 18 (D) 27

42. ab _ cba _ bcc _ aabccb _ _ bccba.
(A) cabaa (B) cbcaa (C) bccaa (D) cbaca

43. অজানা সংখ্যাটি নির্ণয় করুন :
–20, –16, 0, 36, ?, 200
(A) 52 (B) 64 (C) 100 (D) 160

44. ABC, PQR, DEF, STU, ?
(A) VWX (B) GHI (C) IJK (D) GKL

45. 4B7, 16G11, 36L13, 64Q17, ?
(A) 70U17 (B) 76V15 (C) 85W13 (D) 100V19

46. বেমানান শব্দ চিহ্নিত করুন—
(A) জাপান : ইয়েন (B) জার্মানি : ইউরো (C) কিউবা : পাউন্ড (D) রাশিয়া : রুবেল

47. পায়রা : শান্তি : : সাদা পতাকা : ?
(A) বন্ধুত্ব (B) জয় (C) আত্মসমর্পণ (D) যুদ্ধ

48. (64, 36, 16)
(A) (169, 144, 121) (B) (144, 81, 64) (C) (100, 144, 196) (D) (144, 100, 64)

49. AKP : 1121256 : : LNO : ?
(A) 196125144 (B) 144196225 (C) 144225196 (D) 41521196

50. যদি AGARTALA শব্দটিকে সাংকেতিক ভাষায় ZIZUSEKF লেখা হয়, তবে CALCUTTA শব্দটিকে ওই সাংকেতিক ভাষায় কী লেখা হবে?
(A) BCKFTWSF (B) BCKGTSSF (C) BCKFTXSF (D) BCKGTXSF

51. কোনো সাংকেতিক ভাষায় HORSE-কে 37185, CHAIR-কে 03941 ও REPORT-কে 152716 দিয়ে প্রকাশ করা হলে, ওই ভাষায় RESEARCH-কে কী দিয়ে প্রকাশ করা হবে?
(A) 15859103 (B) 15869203 (C) 15879204 (D) 15879305

52. কোনো সংকেত অনুযায়ী যদি 'লাল' মানে 'নীল', 'নীল' মানে 'সবুজ', 'সবুজ' মানে 'গোলাপি', 'গোলাপি' মানে 'কমলা', 'কমলা' মানে 'কালো' ও 'কালো' মানে 'বাদামি' হয়, তবে পরিষ্কার আকাশের রং কী?

# রেলের এন.টি.পি.সি

(A) লাল (B) সবুজ (C) নীল (D) কালো

53.




1-এর বিপরীত তলে কোন সংখ্যা আছে?
(A) 5 (B) 4 (C) 3 (D) 6

54. কতগুলি ঘনক আছে?



(A) 15 (B) 20 (C) 25 (D) 30

55. 1984 সালের ক্যালেন্ডারের সঙ্গে মিল আছে নীচের কোন বছরের?
(A) 2008 (B) 2010 (C) 2012 (D) 2015

56. গতকালের একদিন আগে যদি বৃহস্পতিবার হয়, আগামী পরশুর তিনদিন পর কী বার হবে?
(A) মঙ্গলবার (B) বুধবার (C) বৃহস্পতিবার (D) রবিবার


57. 724 মানে 'Leaf is green', 371 মানে 'Green and blue' ও 438 মানে 'Sky is blue'. তাহলে Leaf-কে কোন সংখ্যা দিয়ে প্রকাশ করা হয়?
(A) 2 (B) 4 (C) 3 (D) 7

58. কোনো নিয়মে CLEAR = 12 ও FATHER = 13 হলে, ওই নিয়মে WHITE = ?
(A) 11 (B) 12 (C) 13 (D) 14


59. 9 : 108 : : 13 : ?
(A) 102 (B) 196 (C) 208 (D) 216

60. সকাল 10:30-এর সময়ে কোনো ঘড়ির মিনিটের কাঁটা দক্ষিণ দিকে থাকলে, ওই সময়ে ঘড়িটির ঘণ্টার কাঁটা কোন দিকে থাকবে?
(A) উত্তর-পশ্চিম (B) উত্তর-পূর্ব (C) দক্ষিণ-পূর্ব (D) দক্ষিণ-পশ্চিম

61. নীচের কোন ভেনচিত্রটি 'শিক্ষাসামগ্রী', 'কলম' ও 'আইসক্রিম'— এদের মধ্যে সম্পর্ককে নির্দেশ করে?




62.




কোন সংখ্যাটি তিনটি চিত্রের মধ্যেই আছে?
(A) 9 (B) 8 (C) 12 (D) 2

63. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন —




(A) 20 (B) 25 (C) 30 (D) 35

64. ইংরিজি বর্ণমালার প্রথম থেকে 22তম বর্ণের বাঁদিকের নবম বর্ণটি কী?
(A) M (B) N (C) O (D) P

65. রঞ্জনা তার বিভাগে অষ্টম হয়েছে। সুমিত শেষ থেকে দ্বাদশ হয়েছে। রমেনের স্থান রঞ্জনা ও সুমিতের ঠিক মাঝে ও রঞ্জনার পরে নবম স্থানে। ওই বিভাগে ছাত্রছাত্রীর সংখ্যা কত?
(A) 30 (B) 33 (C) 35 (D) 37

66. যদি '÷' মানে '×' হয়, '×' মানে '–' হয়, '–' মানে '+' হয় ও '+' মানে

# রেলের এন.টি.পি.সি

'÷' হয়, তবে (2 ÷ 36 × 6 − 3 + 3) রাশিটির মান কত?
(A) 62 (B) 63 (C) 65 (D) 67

67. প্রদত্ত শব্দগুলিকে সঠিক অর্থযুক্ত অনুক্রমে সাজান—
1. নক্ষত্রমণ্ডল, 2. ছায়াপথ, 3. মহাবিশ্ব, 4. তারা, 5. গ্রহ
(A) 1, 2, 3, 4, 5 (B) 3, 5, 4, 1, 3 (C) 3, 2, 1, 4, 5 (D) 2, 3, 4, 1, 5

68. (i) A ★ B ⇒ A হল B-এর বাবা।
(ii) A # B ⇒ A হল B-এর বোন।
(iii) A ✱ B ⇒ A হল B-এর ভাই।
(iv) A ✪ B ⇒ A হল B-এর মা।
কোন সম্পর্কটির অর্থ P হল S-এর ঠাকুমা।
(A) P✱Q✪R#S (B) P✪Q✱R★S (C) P#Q★R✪S (D) P★Q✪R✱S

69. বিবৃতি —
I. কোনো টেবিল কাঠ নয়।
II. কিছু কাঠ হল চেয়ার।
III. সব চেয়ার হল পাথর।
সিদ্ধান্ত —
1. কোনো পাথর টেবিল নয়।
2. কিছু পাথর হল কাঠ।
(A) শুধুমাত্র 1 সত্য (B) শুধুমাত্র 2 সত্য (C) দু'টিই মিথ্যা (D) দু'টিই সত্য

70. একটি সারিতে পাঁচজন ছাত্র A, B, C, D ও E বসে আছে। A, B-এর বাঁদিকে কিন্তু C-এর ডানদিকে আছে। D, B-এর ডানদিকে কিন্তু E-এর বাঁদিকে আছে। কে মাঝখানে বসে আছে?
(A) A (B) B (C) C (D) D

71. এক ব্যক্তি ঘণ্টায় 12 কিলোমিটার বেগে 6 কিলোমিটার দূরে গেল ও ঘণ্টায় 4 কিলোমিটার বেগে ফিরে এলো। যাতায়াতে ওই লোকটির গড় গতিবেগ কত?
(A) 4 কিলোমিটার/ঘণ্টা (B) 5 কিলোমিটার/ঘণ্টা (C) 6 কিলোমিটার/ঘণ্টায় (D) 7 কিলোমিটার/ঘণ্টায়

72. চার অঙ্কের এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় করুন যা পূর্ণবর্গ?
(A) 9780 (B) 9800 (C) 9801 (D) 9860

73. একটি ট্রেন 8 সেকেন্ডে একটি টেলিগ্রাফ পোস্ট ও 20 সেকেন্ডে 264 মিটার দীর্ঘ একটি সেতু অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(A) 120 মিটার (B) 150 মিটার (C) 165 মিটার (D) 176 মিটার

74. কোনো বর্গাকার ক্ষেত্রের বাহুর পরিমাণ দ্বিগুণ করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?
(A) 100% (B) 200% (C) 300% (D) 400%

75. একটি পাত্রে দুধ ও জল 3 : 5 অনুপাতে ও অন্য পাত্রে 6 : 1 অনুপাতে মিশ্রিত আছে। এই দুই পাত্র হতে কী অনুপাতে মিশ্রিত দ্রব্য নিয়ে মিশ্রিত করলে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত 7 : 3 হবে?
(A) 33 : 83 (B) 44 : 91 (C) 47 : 97 (D) 53 : 77

76. A, B ও C 18000 টাকা দিয়ে একটি ব্যবসা আরম্ভ করল। C-এর মূলধন অপেক্ষা B-এর মূলধন 2000 টাকা বেশি ও A-এর মূলধন B-এর মূলধন অপেক্ষা 2000 টাকা বেশি। সপ্তাহান্তে 1080 টাকা লাভ হলে, C-এর সাপ্তাহিক লাভের পরিমাণ কত?
(A) 240 টাকা (B) 360 টাকা (C) 480 টাকা (D) 540 টাকা

77. A : B = 4 : 5 ও B : C = 7 : 8 হলে A : C = কত?
(A) 2 : 5 (B) 5 : 7 (C) 7 : 10 (D) 9 : 11

78. এক ব্যবসায়ী ক্রয়মূল্যের 20% বেশি দাম লিখে রাখে ও বিক্রয়ের সময় ক্রেতাকে 12% কমিশন দেয়। সে শতকরা কত লাভ করে?
(A) 5% (B) 10% (C) 15% (D) 20%

79. ঘোড়ার মূল্য গোরুর মূল্য অপেক্ষা 20% বেশি। গোরুর মূল্য ঘোড়ার মূল্য অপেক্ষা শতকরা কত কম হবে?
(A) $11\frac{2}{3}$ % (B) $13\frac{3}{5}$ % (C) $15\frac{1}{5}$ % (D) $16\frac{2}{3}$ %

80. একটি পরীক্ষায় 80% ইংরিজিতে, 70% অঙ্কে ও 150 জন উভয় বিষয়ে কৃতকার্য হল। যদি ছাত্রদের সকলেই অন্তত একটি বিষয়ে কৃতকার্য হয়ে থাকে, তবে ছাত্র সংখ্যা কত?
(A) 100 জন (B) 200 জন (C) 300 জন (D) 400 জন

81. একজন দোকানদারের ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য 30% বেশি। যদি সে ক্রেতাকে 10% কমিশনে মাল বিক্রয় করে। তবে তার শতকরা কত লাভ হবে? এই ভাবে 2500 টাকার মাল বিক্রয় করলে তার লাভ কত হবে?
(A) 320 টাকা (B) 365 টাকা (C) 395 টাকা (D) 425 টাকা

82. এক ব্যক্তি একটি বাড়ি 4000 টাকায় বিক্রি করায় কিছু লোকসান হল। কিন্তু বাড়িটি 5000 টাকায় বিক্রি করলে তার পূর্বের ক্ষতির $\frac{2}{3}$ অংশ লাভ হত। বাড়িটির ক্রয়মূল্য কত?
(A) 4000 টাকা (B) 4300 টাকা (C) 4600 টাকা (D) 4800 টাকা

83. একই সরল সুদের হারে 1200 টাকা 4 বছরের জন্য ও 2000 টাকা 3 বছরের জন্য কোনো ব্যাঙ্কে জমা রাখা হল। মোট সুদের পরিমাণ 594 টাকা হলে শতকরা বার্ষিক সুদের হার কত?
(A) $3\frac{1}{2}$ % (B) $4\frac{2}{5}$ % (C) $5\frac{1}{2}$ % (D) $7\frac{1}{5}$ %

84. দু'টি সমান মূলধন যথাক্রমে বার্ষিক 5% ও 4% হারে সুদে খাটানো হল। 3 বছর পরে তাদের মোট সুদ 405 টাকা হলে, প্রতিটি মূলধন কত?
(A) 1000 টাকা (B) 1500 টাকা (C) 2000 টাকা (D) 2500 টাকা

85. যদি $a^2 + b^2 + c^2 = 50$ ও $ab + bc + ca = 47$ হয় তাহলে, a + b + c -এর মান কত?
(A) 10 (B) 12 (C) 14 (D) 16

86. সমাধান করুন :
$5x + 3y = 11$
$3x + 5y = 13$
x = ?, y = ?
(A) x = 1, y = 2 (B) x = 2, y = 3 (C) x = 3, y = 5 (D) x = 5, y = 7

87. একটি সুষম বহুভুজের প্রতিটি 120° হলে, সুষম বহুভুজটির বাহু সংখ্যা কত?
(A) 5টি (B) 6টি (C) 7টি (D) 8টি

88. একটি ঘনকের ঘনফল 216 ঘন মিটার হলে ঘনকটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য কত?
(A) 6 মিটার (B) 8 মিটার (C) 10 মিটার (D) 12 মিটার

89. সুরজিতবাবু 660 টাকায় একটি শাল বিক্রি করলেন। শাল বিক্রি করে সুরজিতবাবুর যত টাকা লাভ হল 640 টাকায় বিক্রি করলে ততটাকা ক্ষতি হত। সুরজিতবাবু শালটি কত টাকায় কিনেছিলেন?
(A) 450 টাকা (B) 550 টাকা (C) 650 টাকা (D) 750 টাকা

90. 20%, 10% ও 5% পরপর ছাড়ের সমতুল্য ছাড় কত?
(A) 25.6% (B) 27.4% (C) 29.7% (D) 31.6%

91. অর্ধবৃত্তাকার জমি বেড়া দিয়ে ঘিরতে 162 মিটার লম্বা রেলিং প্রয়োজন। ব্যাসের দিকে জমির দৈর্ঘ্য কত?
(A) 63 মিটার (B) 65 মিটার (C) 68 মিটার (D) 72 মিটার

92. বৃত্তাকার পার্কের চার ধার ঘিরে সমান চওড়া একটা পথ আছে। পথটির বাইরের প্রান্তের পরিধি 500 মিটার ও ভিতরের প্রান্তের পরিধি 478 মিটার হলে, পথটির কত চওড়া?
(A) 3.5 মিটার (B) 4.5 মিটার (C) 5.5 মিটার (D) 6.5 মিটার

93. 1 + 2 + 3 + 4 + ,...... + 100 = ?
(A) 4050 (B) 5050 (C) 6050 (D) 7050

94. $\sqrt{12+\sqrt{12+\sqrt{12+......}}}$ মান কত হবে?
(A) 3 (B) 4 (C) 5 (D) 6

95. কোনটি সবচেয়ে বড়ো?
$\sqrt[3]{2}$, $\sqrt{3}$, $\sqrt[4]{5}$, $\sqrt[6]{7}$
(A) $\sqrt[3]{2}$ (B) $\sqrt{3}$ (C) $\sqrt[4]{5}$ (D) $\sqrt[6]{7}$

96. একজন ব্যক্তি গাড়িতে করে 25 কিলোমিটার/ঘণ্টা বেগে যায় ও 40 কিলোমিটার/ঘণ্টা বেগে ফিরে আসে। যাতায়াতের জন্য গড় গতিবেগ কত হবে?
(A) 25.25 কিলোমিটার/ঘণ্টা (B) 28.75 কিলোমিটার/ঘণ্টা (C) 30.76 কিলোমিটার/ঘণ্টা (D) 35.78 কিলোমিটার/ঘণ্টা

97. $4 \times 5^x = 500$ হলে $x^x$-এর মান—
(A) 8 (B) 1 (C) 64 (D) 27

98. $\log_{\sqrt{3}} 81$-এর মান কত?
(A) 5 (B) 7 (C) 8 (D) 11

99.
$\left(1-\frac{1}{2}\right)\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\left(1-\frac{1}{5}\right)......\left(1-\frac{1}{m}\right) = ?$
(A) $\frac{1}{m}$ (B) m (C) m + 1 (D) $\frac{1}{m-1}$

100. $\frac{13}{63} \div \frac{104}{14} \times \frac{52}{19} = ?$
(A) $\frac{12}{173}$ (B) $\frac{13}{171}$ (C) $\frac{17}{171}$ (D) $\frac{18}{171}$


## উত্তর

1(C). 2(A). 3(A). 4(D). 5(C). 6(D). 7(B). 8(B). 9(A). 10(D). 11(D). 12(C). 13(A). 14(A). 15(B). 16(C). 17(D). 18(B). 19(C). 20(A). 21(D). 22(C). 23(B). 24(D). 25(C). 26(D). 27(B). 28(B). 29(D). 30(D). 31(A). 32(C). 33(D). 34(B). 35(C). 36(A). 37(D). 38(C). 39(C). 40(C).
41(D). 42(A).
43(C).

−20 −16 0 36 (100) 200
+4 +16 +36 +64 +100
$(+2^2)$ $(+4^2)$ $(+6^2)$ $(+8^2)$ $(+10^2)$

তাহলে, নির্ণেয় সংখ্যা
= 36 + 64 = 100

44(B). 45(D). 46(C). 47(C). 48(D). 49(B). 50(C). 51(A). 52(B).
53(C).



6 4 3
6 5 1

54(B).
55(C). 56(C). 57(A). 58(A).
59(C). $9^2 = 81$ $13^2 = 169$
$9 \times 3 = 27$ $13 \times 3 = 39$
108 208

60(A). 61(D). 62(C). 63(B). 64(A). 65(D). 66(D). 67(C). 68(B). 69(B). 70(B).
71(C).
লোকটি 12 কিলোমিটার যায় 1 ঘণ্টায়
লোকটি 1 কিলোমিটার যায় $\frac{1}{12}$ ঘণ্টায়
লোকটি 6 কিলোমিটার যায় $\frac{6}{12}$ ঘণ্টায়
$= \frac{1}{2}$ ঘণ্টায়।
লোকটি ফিরে আসে 4 কিলোমিটার 1 ঘণ্টায়
লোকটি ফিরে আসে 1 কিলোমিটার $\frac{1}{4}$ ঘণ্টায়
লোকটি ফিরে আসে 6 কিলোমিটার $\frac{6}{4}$ ঘণ্টায়
$= 1\frac{1}{2}$ ঘণ্টায়।
তাহলে, লোকটি 12 কিলোমিটার যাতায়াত করে মোট $\left(\frac{1}{2}+1\frac{1}{2}\right)$ ঘণ্টায় বা, 2 ঘণ্টায়।
তাহলে লোকটি গড় গতিবেগ
= 6 কিলোমিটার/ঘণ্টা

72(C).
73(D). মনে করি, ট্রেনটির দৈর্ঘ্য = x মিটার।
তাহলে, 8 সেকেণ্ডে ট্রেনটি অতিক্রম করে x মিটার পথ।
1 সেকেণ্ডে ট্রেনটি অতিক্রম করে $\frac{x}{8}$ মিটার পথ।
20 সেকেণ্ডে ট্রেনটি অতিক্রম করে $\frac{x}{8} \times 20$ মিটার পথ।
আবার, 20 সেকেণ্ডে ট্রেনটির অতিক্রান্ত দূরত্ব = 264 মিটার দীর্ঘ সেতু + নিজের দৈর্ঘ্য
= 264 মিটার + x মিটার।
প্রশ্নানুসারে, $264 + x = \frac{x \times 20}{8}$
বা, $264 + x = \frac{5 \times x}{2}$
বা, 528 + 2x = 5x
বা, 5x−2x = 528
বা, 3x = 528
বা, $x = \frac{528}{3}$
তাহলে, x = 176 মিটার।
তাহলে ট্রেনটির দৈর্ঘ্য হল 176 মিটার।

74(C). 75(B). 76(A). 77(C). 78(A).
79(D). মনে করি, গোরুর মূল্য 100 টাকা
তাহলে, ঘোড়ার মূল্য 120 টাকা
ঘোড়ার মূল্য 120 টাকা হলে গোরুর মূল্য 100 টাকা
ঘোড়ার মূল্য 1 টাকা হলে গোরুর মূল্য $\frac{100}{120}$ টাকা
ঘোড়ার মূল্য 100 টাকা হলে গোরুর মূল্য $\frac{100 \times 100}{120}$ টাকা = $\frac{250}{3}$ টাকা
তাহলে, গোরুর মূল্য ঘোড়ার মূল্য অপেক্ষা
$= \left(100-\frac{250}{3}\right)\% = \frac{50}{3}\% = 16\frac{2}{3}\%$ কম হবে।

80(C). 81(D). 82(C).
83(C). মনে করি, 100 টাকার 1 বছরের সুদ x টাকা।
∴ 1200 টাকার 4 বছরের সুদ = 48x টাকা।
2000 টাকার 3 বছরের সুদ = 60x টাকা।
প্রশ্নানুসারে,
48x + 60x = 594
বা, 108x = 594
বা, $x = \frac{594}{108}$
∴ $x = 5\frac{1}{2}\%$

84(B). 85(B). 86(A). 87(B). 88(A).
89(C). মনে করি, 660 টাকায় বিক্রি করে সুরজিৎবাবুর x টাকা লাভ হল।
∴ ওই শালটির ক্রয়মূল্য = (660 − x) টাকা। আবার, 640 টাকায় বিক্রি করলে x টাকা ক্ষতি হত।
∴ শালের ক্রয়মূল্য পাই (640 + x) টাকা।
প্রশ্নানুসারে,
660 − x = 640 + x
বা, − x − x = 640 − 660
বা, − 2x = − 20
বা, x = 10
∴ x = 10
∴ সুরজিতবাবু শালটি (660 − 10) টাকা = 650 টাকা কিনেছিলেন।

90(D). 91(A). 92(A). 93(B). 94(B). 95(B). 96(C).
97(D). $4 \times 5^x = 500$
বা, $5^x = \frac{500}{4}$
বা, $5^x = 125$
বা, $5^x = 5^3$
∴ x = 3. ∴ $x^x = 3^3 = 27$
98(C). 99(A). 100(B).

## কেন্দ্রে ৮৪ ট্রান্সলেটর

১ পাতার পর

বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ডিগ্রি কোর্সে ইংরিজি আবশ্যিক বিষয় হিসাবে থাকলেও যোগ্য। ইংরিজি মাধ্যমের যে কোনো বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ডিগ্রি কোর্সে হিন্দি আবশ্যিক বিষয় হিসাবে থাকলেও যোগ্য। যে কোনো বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি ও হিন্দি বিষয় ডিগ্রি কোর্সে থাকলেও আবেদন করতে পারেন।

ওপরের সব ক্ষেত্রে হিন্দি থেকে ইংরিজির ট্রান্সলেশন সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে কিংবা হিন্দি থেকে ইংরিজিতে ট্রান্সলেট সংক্রান্ত কাজে ও ভাইস-ভার্সা সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০০৮'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৮৪টি। চাকরি হবে এইসব পদে : (ক) জুনিয়র ট্রান্সলেটর ইন সেন্ট্রাল সেক্রেটারিয়েট অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ সার্ভিস। (খ) জুনিয়র ট্রান্সলেটর ইন আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, (গ) জুনিয়র ট্রান্সলেটর /জুনিয়র হিন্দি ট্রান্সলেটর ইন সাব-অর্ডিনেট অফিস। (ঘ) সিনিয়র হিন্দি ট্রান্সলেটর / সিনিয়র ট্রান্সলেটর /সিনিয়র ট্রান্সলেশন অফিসার।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Hindi Translator Examination, 2026' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগস্ট-সেপ্টেম্বরে।

প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), রাঁচি (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৯০২)। ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এই ২টি পার্টে : (ক) জেনারেল হিন্দি - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন, (খ)জেনারেল ইংলিশ -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। এই পর্যায়ে ২০০ নম্বরের ২ ঘন্টার পেন পেপার মোডের পরীক্ষায় থাকবে ট্রান্সলেশন ও প্রবন্ধ লেখা।

এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে ৪ কে.বি. থেকে ১২ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর তৈরি হয়ে যাবে। তখন ওই রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন ১৫ মে'র মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১৯ ও ২০ মে'র মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কেন্দ্রীয় সরকারে ৭৩১ স্টেনো

১ পাতার পর

টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১-৮-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০০৮'এর মধ্যে। আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১-৮-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৯ থেকে ১-৮-২০০৮'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হবে গ্রুপ-বি নন-গেজেটেড অফিসার পদে। মূল মাইনে পে ব্যান্ড অনুযায়ী। শূন্যপদ ৭৩১টি।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৬ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই-আগস্টে। পরীক্ষা হবে পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), সিউড়ি (৪৪১৬), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), গ্যাংটক (৪০০১), রাঁচি (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৯০২)। ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৩টি পার্টে — (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

সফল হলে স্কিল টেস্ট। গ্রেড-সি স্টেনো পদের বেলায় মিনিটে ১০০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৪০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

গ্রেড-ডি স্টেনো পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৫০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন ১৬ মে'র মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ২০ ও ২১ মে'র মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৬ পাতার পর

❑ আর্থিকভাবে দুর্বল পরিবারের মেয়েদের সহায়তা করতে, 'লাখপতি বিটিয়া যোজনা' নামে একটি সমাজকল্যাণমূলক প্রকল্প চালু করল দিল্লি সরকার। এই উদ্যোগের লক্ষ্য হল, স্কুলছুটের পরিমাণ কমানো আর উচ্চশিক্ষা ও প্রাপ্তবয়স্ক হওয়ার জন্য সঞ্চয়ের ব্যবস্থা তৈরি করা। ১ এপ্রিল থেকে এই প্রকল্পটি কার্যকর হবে। এই কর্মসূচির অধীনে, ৫৬,০০০ টাকা আর্থিক সহায়তা পর্যায়ক্রমে কিস্তিতে জমা করা হবে, যা প্রধান শিক্ষাগত সাফল্যের সঙ্গে যুক্ত হবে — জন্ম থেকে শুরু করে স্নাতক বা ডিপ্লোমা কোর্স পর্যন্ত। এই টাকা মেয়াদপূর্তির সময় সুদ-সহ প্রায় ১ লাখ টাকা পর্যন্ত বাড়তে পারে, যা সুবিধাভোগীর আধার লিঙ্কযুক্ত ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা হবে।

❑ গুজরাত বন বিভাগের তরফ থেকে করা পাখি শুমারিতে, আহমেদাবাদের কাছে অবস্থিত 'নলসরোবর পক্ষী অভয়ারণ্য'এ ২৭০ প্রজাতির ৬,৪২,২৩২টি পাখি রেকর্ড করা হয়েছে। অভয়ারণ্যটি ৫০টি সমীক্ষা অঞ্চলে বিভক্ত ছিল আর পাখির সংখ্যার সঠিক অনুমান নিশ্চিত করার জন্য দু'টি গণনা (সকাল ও সন্ধ্যা) পরিচালনা করা হয়েছিল। এই পাখি সমীক্ষায় ২২০ জন পাখি বিশেষজ্ঞ ও বন্যপ্রাণী উৎসাহী, ১২ জন বন কর্মকর্তা আর ৯৯ জন স্থানীয় নৌকাচালক ও গাইড অংশ নিয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১২ সালে 'রামসর সাইট' হিসাবে স্বীকৃত 'নলসরোবর পক্ষী অভয়ারণ্য' হল গুজরাতের বৃহত্তম জলাভূমি।

❑ গুয়াহাটিতে 'ব্রহ্মপুত্র' নদীর ওপর নির্মিত 'কুমার ভাস্কর বর্মা' সেতুর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই সেতু গুয়াহাটি ও উত্তর গুয়াহাটিকে সংযুক্ত করেছে। এটি উত্তর-পূর্ব ভারতের প্রথম এক্সট্রাডোসড সেতু। ৬ লেনের এই সেতুটির দৈর্ঘ্য প্রায় ১.২৪ কিলোমিটার থেকে ২.৮৬ কিলোমিটারের মধ্যে। ভূকম্পপ্রবণ অঞ্চল হওয়ায় সেতুটিতে ফ্রিকশন পেন্ডুলাম বেয়ারিং-সহ বেস আইসোলেশন প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। উচ্চ ক্ষমতা সম্পন্ন স্টে কেবলের পাশাপাশি ব্যবহার করা হয়েছে ব্রিজ হেলথ মনিটরিং সিস্টেম। সেতুটি তৈরিতে খরচ হয়েছে প্রায় ৩,০৩০ কোটি টাকা।

**১৫ ফেব্রুয়ারি :** পোলিও দমনে নতুন ধরনের 'নোভেল ওরাল পোলিও ভ্যাকসিন টাইপ-২'কে প্রিকোয়ালিফাই করল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'। এর ফলে এখন থেকে রাষ্ট্রসঙ্ঘের বিভিন্ন সংস্থা, বিশেষ করে 'ইউনিসেফ', সারা বিশ্বে এই টিকা কিনতে ও বিতরণ করতে পারবে। নিরাপত্তা, গুণমান ও কার্যকারিতার কঠোর মানদণ্ডে উত্তীর্ণ হলেই কোনো টিকা এই তালিকাভুক্তির যোগ্য হয়। হায়দরাবাদের সংস্থা 'বায়োলজিক্যাল ই লিমিটেড' এই টিকাটি তৈরি করছে।

❑ এবছর 'শীতকালীন অলিম্পিক'এ পুরুষদের জায়ান্ট স্লালমে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন নরওয়েজিয়ান-ব্রাজিলিয়ান আলপাইন স্কি রেসার লুকাস পিনহেইরো ব্রাথেন। এর ফলে 'শীতকালীন অলিম্পিক'এর ইতিহাসে প্রথম সোনার পদক পেল ব্রাজিল। দক্ষিণ আমেরিকার কোনো দেশ হিসাবেও এটি প্রথম পদক জয়ের কীর্তি।

❑ ফ্যাবিয়ানো কারুয়ানা'কে ২.৫-১.৫ ব্যবধানে হারিয়ে, এবছর 'ফিডে ফ্রিস্টাইল দাবা বিশ্ব চ্যাম্পিয়নশিপ' জিতলেন ম্যাগনাস কার্লসেন।

**১৬ ফেব্রুয়ারি :** 'গেইল (ইন্ডিয়া) লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন দীপক গুপ্তা।

❑ উত্তর প্রদেশের মথুরায়, ভারতের প্রথম জাতীয় গরু সংস্কৃতি জাদুঘর স্থাপিত হতে চলেছে। 'পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ভেটেরিনারি সায়েন্স বিশ্ববিদ্যালয়' ক্যাম্পাসের ভিতরে এই জাদুঘরটি স্থাপিত হবে। এই জাদুঘরটি গরুর ধর্মীয়, সাংস্কৃতিক, আধ্যাত্মিক ও বৈজ্ঞানিক গুরুত্ব তুলে ধরবে। জাদুঘরটিতে প্রধান ও বিপন্ন গবাদি পশুর প্রায় ১০০টি ডিজিটাল ও প্রতীকী মডেল প্রদর্শিত হবে। এই প্রকল্পটি রাজ্য সরকারের নির্দেশে গরু সংরক্ষণ, গরু-ভিত্তিক অর্থনীতি ও বৈজ্ঞানিক মান উন্নয়নের প্রচার করবে।

❑ 'অল ইন্ডিয়া সুগার ট্রেড অ্যাসোসিয়েশন' অনুসারে, ২০২৫-'২৬ বিপণন বছরে (অক্টোবর থেকে সেপ্টেম্বর) ফেব্রুয়ারি পর্যন্ত ভারতের চিনি রফতানি মোট ২.০১ লাখ টন (২,০১,৫৪৭ টন) অতিক্রম করল। সাদা চিনি রফতানির পরিমাণ ছিল ১,৬৩,০০০ টন আর পরিশোধিত চিনি রফতানির পরিমাণ ছিল ৩৭,৬৩৮ টন। ভারতীয় চিনি রফতানির শীর্ষ গন্তব্যস্থল সংযুক্ত আরব আমিরশাহী (৪৭,০০৬ টন)। এরপর রয়েছে আফগান-ই-স্তান, জিবুতি ও ভুটান। কেন্দ্রীয় সরকার এবছর মোট ২০ লাখ টন চিনি রফতানির অনুমোদন দিয়েছে, যার মধ্যে সম্প্রতি অনুমোদিত অতিরিক্ত ৫ লাখ টন চিনিও রফতানি রয়েছে।

❑ রাজ্যের বেকার মহিলা ও ট্রান্সজেন্ডার মহিলাদের মাসিক আর্থিক সহায়তা প্রদানের জন্য 'স্ত্রী সুরক্ষা' প্রকল্প চালু করল কেরল সরকার। এই প্রকল্পের আওতায়, যোগ্য সুবিধাভোগীরা প্রতি মাসে ১,০০০ টাকা আর্থিক সহায়তা পাবেন, যা রাজ্যের সামাজিক নিরাপত্তা পেনশন ব্যবস্থার অধীনে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা হবে। ৩৫-৬০ বছর বয়সি অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া মহিলা ও ট্রান্সজেন্ডার মহিলাদের লক্ষ্য করে এই প্রকল্পটি চালু করা হচ্ছে, যাঁরা রাজ্যের অন্য কোনো সামাজিক কল্যাণ পেনশন প্রকল্পের সুবিধা পাচ্ছেন না।

❑ ২০২৫ সালের 'বিবিসি ইন্ডিয়ান স্পোর্টসওম্যান অফ দ্য ইয়ার' খেতাব জিতলেন ভারতের মহিলা তারকা ওপনার তথা সহ-অধিনায়ক স্মৃতি মন্ধানা। ২০২৫ সালে ভারতের মাটিতে আয়োজিত ওডিআই বিশ্বকাপ জয়ে তাঁর অনবদ্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। অন্যদিকে, মাত্র ২০ বছর বয়সে 'ফিডে মহিলা বিশ্বকাপ' জয়ের জন্য 'বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়'এর পুরস্কার পেলেন ভারতীয় দাবাড়ু গ্র্যান্ডমাস্টার দিব্যা দেশমুখ। এদিন, নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হয়েছে।

**১৭ ফেব্রুয়ারি :** বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন তারেক রহমান।

❑ এখন থেকে ভারতেই তৈরি হবে অত্যাধুনিক 'এইচ ১২৫' হেলিকপ্টার। এদিন, যৌথভাবে এই হেলিকপ্টার তৈরির কারখানার উদ্বোধন করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। দুই দেশের যৌথ উদ্যোগে এই কপ্টার তৈরি করবে দুই দেশের বেসরকারি সংস্থা 'এয়ারবাস হেলিকপ্টার' ও 'টাটা অ্যাডভান্সড সিস্টেম লিমিটেড'। এই বেসরকারি হেলিকপ্টার 'এইচ ১২৫'এর যন্ত্রাংশ সংযুক্ত করার শেষ ধাপ সম্পন্ন হবে কর্ণাটকের ভেমাগালে। ২০২৭ সালের প্রথমের দিকেই কর্ণাটকের এই কারখানা থেকে তৈরি হয়ে বেরোবে প্রথম 'এইচ ১২৫' কপ্টার। শুরুতে এই কারখানায় বছরে ১০টি করে কপ্টার তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। আগামী ২০ বছরের মধ্যে ভারতে অন্তত ৫০০টি কপ্টার তৈরি করা হবে।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে, ২৫ বছরের জন্য একটি বিস্তৃত নগর নীতি গ্রহণ করল কেরল। এই নীতিটি ২০২৩-'২৪ সালের রাজ্য বাজেটে ঘোষণা করা হয়েছিল আর রাজ্য মন্ত্রিসভার মাধ্যমে অনুমোদিত হয়েছিল। কেরল নগর নীতি কমিশন ২০২৩ সালের ডিসেম্বরে গঠিত হয় আর ২০২৫ সালের মার্চে তার প্রতিবেদন জমা দেয়। কোচিতে এক বিশ্বব্যাপী সম্মেলনে প্রতিবেদনটি নিয়ে আলোচনা করা হয় আর চূড়ান্ত নীতিতে পরামর্শগুলি অন্তর্ভুক্ত করা হয়। কমিশনের অনুমান, ২০৫০ সালের মধ্যে কেরলের ৮০% নগরায়ন হবে। এই নীতিতে রাজ্যকে জলবায়ু-স্মার্ট শহর, বৈজ্ঞানিক পরিকল্পনা ও টেকসই শাসনব্যবস্থার অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এছাড়াও বৈষম্য কমানো, সামাজিক সহায়তা নিশ্চিতকরণ আর নগর সুযোগ-সুবিধা উন্নত করার দিকেও জোর দেওয়ার কথা বলা হয়েছে এই নীতিতে।

❑ হিমাচল প্রদেশের প্রথম তথা দেশের দ্বিতীয় টিউলিপ বাগান খোলা হল কাংড়া জেলার পালামপুরে, যা পাহাড়ি পর্যটন ও ফুল চাষের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য অগ্রগতি। আনুষ্ঠানিকভাবে 'সিএসআইআর-ইনস্টিটিউট অফ হিমালয়ান বায়োরিসোর্স টেকনোলজি' এটি জনগণের জন্য খুলে দিয়েছে। এই বাগানে লাল, হলুদ, গোলাপি, সাদা-সহ বিভিন্ন জাতের ও রঙের ৫০ হাজারটিরও বেশি টিউলিপ রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের প্রথম টিউলিপ বাগানটি হল জম্মু ও কাশ্মীরের শ্রীনগরে অবস্থিত 'ইন্দিরা গান্ধী মেমোরিয়াল টিউলিপ গার্ডেন'।

❑ এবছর 'আনন্দ কেন্টিশ কুমারস্বামী বই পুরস্কার' (দক্ষিণ এশিয়া) পেলেন 'দিল্লি বিশ্ববিদ্যালয়'এর অধ্যাপিকা চারু গুপ্তা। তাঁর লেখা 'Hindi Hindu Histories: Caste, Ayurveda, Travel, and Communism in Early Twentieth-Century India' বইটির জন্য এই পুরস্কার পেলেন তিনি। 'অ্যাসোসিয়েশন ফর এশিয়ান স্টাডিজ'এর তরফ থেকে এই পুরস্কারের ঘোষণা করা হয়েছে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## রাজ্য সরকারে কয়েকশো অফিসার

১ পাতার পর

শুধুমাত্র এই পদের জন্য আবেদন করবেন না।

চাকরি হবে এইসব পদে : (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার /ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, (৩) ব্লক ইয়ুথ অফিসার/ মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার/ বোরো ইয়ুথ অফিসার, (৪) ব্লক ওয়েলফেয়ারের অফিসার/ওয়েলফেয়ার অফিসার, (৫) ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ারের ইন্সপেক্টর, (৬) অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, (৭) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৮) কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিসেস, (৯) অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ইন্সপেক্টর, (১০) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১১) সেভিংস ডেভেলপমেন্ট অফিসার, (১২) পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট লেবার সার্ভিস, (১৩) কো-অপারেটিভ সোসাইটির অডিটর, (১৪) বোর্ড অফ রেভিনিউয়ের অ্যাসিস্ট্যান্ট অডিটর, (১৫) এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৬) লেডি এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৭) কারেকশনাল সার্ভিসেস'এর অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার, (১৮) ইনভেস্টিগেটিং ইন্সপেক্টর, (১৯) রেভেনিউ ইন্সপেক্টর ও নির্দিষ্ট কিছু পদ।

সাব-ইন্সপেক্টর অফ এক্সাইজের বেলায় মহিলারা আবেদনের যোগ্য নন। অন্যদিকে, লেডি এক্সটেনশন অফিসার পদের বেলায় ছেলেরা যোগ্য নন।

মূল মাইনে : ১-১১নং পদের বেলায় ৩২,১০০-৮২,৯০০ টাকা। ১২-১৯ নং পদের বেলায় ২৮,৯০০-৭৪,৫০০ টাকা। মূল মাইনে ছাড়া যথারীতি অন্যান্য ভাতাও পাবেন। চাকরি হবে অস্থায়ীভিত্তিতে। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. (এ-ক্যাটেগরি), ও.বি.সি. (বি-ক্যাটেগরি), প্রতিবন্ধীরা, মেধাবী খেলোয়াড় আর নিচের এইসব খেলায় জাতীয়, আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরে প্রতিনিধিত্ব করে থাকা প্রার্থীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে। খেলাগুলি হল: অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বাস্কেট বল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেস্টলিং, বক্সিং, সাইকেলিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি, খো-খো। এই পদের বিজ্ঞপ্তি নং : 13/2024.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। '২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট পরীক্ষা'র মাধ্যমে। পরীক্ষা হবে এই তিনটি ধাপে : (১) প্রিলিমিনারি পরীক্ষা, (২) ফাইনাল মেন পরীক্ষা (কনভেনশনাল টাইপের), (৩) পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে তা এখনো ঠিক হয়নি।

প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ১১), বারুইপুর (১২), ডায়মন্ডহারবার (১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), মেদিনীপুর (২০), তমলুক (২১), বাঁকুড়া (২২), পুরুলিয়া (২৩), ঝাড়গ্রাম (২৪), সিউড়ি (২৫), কৃষ্ণনগর (২৬), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫), দার্জিলিং (৩৬)। দৃষ্টিহীন প্রতিবন্ধী ও অল্প দৃষ্টিশক্তিসম্পন্ন প্রার্থীরা স্ক্রাইবের সাহায্য নিতে পারেন। তবে এজন্য তাঁদের বেলায় 'দক্ষিণ কলকাতা'য় পরীক্ষা দিতে হবে।

প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের একটি পেপার। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েজ-টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপে মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন থাকবে।

সফল হলে ৪৫০ নম্বরের ফাইনাল পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) বাংলা বা, হিন্দি, (৩) জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক। প্রথম ২টি পেপারের প্রতিটিতে থাকবে ১৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা করে। ইংরিজি বিষয়ে থাকবে : বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, রিপোর্ট, প্রেসি (ভাবসংক্ষেপ) লেখা আর গ্রামারের মধ্যে থাকবে শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, সাধারণ ফ্রেজের ব্যবহার, সমার্থক ও বিপরীতার্থক শব্দ। বাংলা বিষয়ে থাকবে : ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, রিপোর্ট, সারসংক্ষেপ লেখা আর গ্রামারের প্রশ্ন হবে। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিক মানের ডেসক্রিপটিভ-টাইপের প্রশ্ন হবে।

তৃতীয় পেপারে জেনারেল স্টাডিজের ১০০ নম্বরের ও অ্যারিথমেটিকের ৫০ নম্বরের পরীক্ষা হবে। সময় আড়াই ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক গ্রুপের প্রশ্নের উত্তর বাংলায় দিতে পারবেন। পার্ট-টু পরীক্ষা হবে একই দিনে।

সফল হলে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পার্ট-টু পরীক্ষার ৩টি পেপার ও পার্সোন্যালিটি টেস্টের নম্বরের ভিত্তিতে চূড়ান্ত তালিকা তৈরি হবে। ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পাকতে হবে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৪০%, ও.বি.সি. প্রার্থীদের বেলায় ৩৮%, তপশিলী জাতির প্রার্থীদের ৩৫%, তপশিলী উপজাতি, প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ প্রার্থীদের বেলায় ৩০%, মেধাবী খেলোয়াড় ৪০%।

তালিকার ওপর দিক থেকে এরপর শূন্যপদ অনুযায়ী ওপরের বিভিন্ন দফতরে বিভিন্ন পদে ক্রমানুসারে নিয়োগ হবে। উত্তরপত্রে নাম, রোল নম্বর বা, কোনো আইডেন্টিফিকেশন মার্ক ব্যবহার করলে ১০% আর খারাপ হাতের লেখার জন্য ১০% নম্বর, প্রাপ্ত নম্বর থেকে বাদ যাবে।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ৩০ এপ্রিল থেকে। চলবে ২০ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন ২০ মে'র মধ্যে। ফর্মে ভুল হলে তা এডিট করতে পারবেন ২২ মে থেকে ২৮ মে'র মধ্যে।


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

# কেরিয়ার ফেয়ার

তারিখ : ২৯ ও ৩০ মে, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

স্থান : বি.এম. গ্র্যান্ড হোটেল অ্যান্ড রিসোর্ট, সাহাপুর, মালদহ






Sponsored by :

NCSM NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com